০২ অক্টোবর ২০২৩

জাতীয় উৎপাদনশীলতা দিবস

National Productivity Day

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা

Productivity for Smart Bangladesh

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

শিল্প মন্ত্রণালয়

"যতকাল রবে পদ্মা যমুনা
গৌরী মেঘনা বহমান
ততকাল রবে কীর্তি তোমার
শেখ মুজিবুর রহমান"



بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা

১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক দেশব্যাপী 'জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩' উদযাপনের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

মানুষের চিন্তার জগত, জীবনধারা থেকে শুরু করে পণ্য উৎপাদন, সেবা প্রদানসহ সকল ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের আগমনী বার্তা আমাদেরকে তাড়া করছে। চতুর্থ শিল্প বিপ্লবের কৃত্তিম বুদ্ধিমত্তা ও স্মার্ট প্রযুক্তি-নির্ভর আধুনিকতা ও সংশ্লিষ্ট পরিবর্তন আত্তীকরণের মাধ্যমে জাতীয় পর্যায়ে অধিকহারে মানসম্পন্ন ও সহজলভ্য পণ্য ও সেবা উৎপাদন সম্ভব। সরকারি-বেসরকারি পর্যায়ে উন্নত ও আধুনিক প্রযুক্তি-নির্ভর নীতি ও পরিকল্পনা বাস্তবায়ন উৎপাদশীলতা বৃদ্ধি ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ প্রেক্ষাপটে জাতীয় উৎপাদনশীলতা দিবসের এ বছরের প্রতিপাদ্য 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা' যথার্থ ও যুগোপযোগী হয়েছে বলে আমি মনে করি।

সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি সুখী-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে বদ্ধপরিকর। এজন্য কৃষি, শিল্প ও সেবাসহ প্রতিটি ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধি অপরিহার্য। এ লক্ষ্যে সরকারের পাশাপাশি দেশের সকল বেসরকারি শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে এগিয়ে আসতে হবে। শিল্পের উন্নয়ন, দক্ষ জনবল তৈরি, গবেষণা ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এক্ষেত্রে ইতিবাচক ভূমিকা পালন করতে পারে। আমি আশা করি , জাতীয় উৎপাদশীলতা দিবস উদযাপনের মাধ্যমে সাধারণ জনগণ উৎপাদনশীলতার গুরুত্ব সম্পর্কে আরো সচেতন হয়ে দেশের অগ্রযাত্রায় অবদান রাখতে সক্ষম হবে।

আমি 'জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩' উপলক্ষ্যে গৃহীত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ সাহাবুদ্দিন

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর আয়োজনে ০২ অক্টোবর ২০২৩ দেশব্যাপী 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' উদযাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

এ বছর দিবসটির প্রতিপাদ্য- 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা (Productivity for Smart Bangladesh)'। আওয়ামী লীগ সরকার ২০৪১ সালের মধ্যে 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্য নিয়ে কাজ শুরু করেছে। এজন্য সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং এর উন্নয়নে একটি দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে আমাদের সরকার 'স্মার্ট বাংলাদেশ টাস্কফোর্স' গঠন করেছে। তাই এ বছর এনপিও কর্তৃক গৃহীত প্রতিপাদ্য যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

বাংলাদেশ এখন গোটা বিশ্বে উন্নয়নের 'রোল মডেল' হিসেবে বিবেচিত। গত এক দশকেরও বেশি সময়ে ডিজিটাল বাংলাদেশ অভাবনীয় সাফল্য দেখিয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হয়েছে। দারিদ্র্য বিমোচন, শিক্ষা, স্বাস্থ্য, মানবসম্পদ উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিশু ও মাতৃমৃত্যুর হার হ্রাস, লিঙ্গ বৈষম্য দূরীকরণ, গড় আয়ু বৃদ্ধিসহ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে। আমরা ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত ও সমৃদ্ধ দেশ হওয়ার লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছি। একই সময়ে সরকার ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা পূরণ করতে বদ্ধপরিকর। এ লক্ষ্যমাত্রা অর্জন করতে সকল সেক্টরে উৎপাদশীলতা বৃদ্ধি অপরিহার্য। এজন্য জনগণের মধ্যে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা জরুরি।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন দিবসটি জাঁকজমকপূর্ণভাবে উদযাপনে নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। আমি আশা করি, জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন উৎপাদনশীলতা উন্নয়নের গতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমি 'জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩' উদযাপনের সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

আ.ক.ম মোজাম্মেল হক এম.পি
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১১ সাল থেকে প্রতি বছর ০২ অক্টোবরকে 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' হিসেবে পালন করে আসছে। সারাদেশে উৎপাদনশীলতার ধারণাকে ছড়িয়ে দিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক আয়োজিত এই দিবসটির গুরুত্ব অপরিসীম। বরাবরের মত এবারও দিবসটি পালিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ তৈরির লক্ষ্যে কাজ করছে যার উদ্দেশ্য স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনোমি, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি তৈরি করা। ডিজিটাল বাংলাদেশ আজ বাস্তবতা। জাতি এগিয়ে চলেছে স্মার্ট বাংলাদেশের অভিমুখে। যেখানে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও আর্থিক খাতের কার্যক্রম স্মার্ট পদ্ধতিতে রূপান্তর, সরকারি ব্যবস্থাপনার আধুনিকায়ন এবং উন্নয়নে দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণসহ সরকারি বিভিন্ন সেবা কার্যক্রম ডিজিটালাইজেশন করা হবে। অন্যান্য দেশের মত এখন বাংলাদেশেও সমৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কলকারখানায়, কৃষিক্ষেত্রে, সেবা খাতে সর্বত্রই উৎপাদনশীলতা বৃদ্ধির ব্যাপারে জোর দেওয়া হচ্ছে।

স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার জন্য বিদ্যমান জনশক্তি, মেধা, অভিজ্ঞতা, দক্ষতা, উদ্ভাবনী শক্তির সর্বোচ্চ ব্যবহার ঘটিয়ে উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে জোরালো পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এজন্য দেশি-বিদেশি নতুন বিনিয়োগকে উৎসাহিত করা হচ্ছে। স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন এবং চতুর্থ শিল্প বিপ্লবের নেতৃত্ব অর্জন করতে কৃত্রিম বুদ্ধিমত্তা, ব্লক চেইন, আইওটি, ন্যানো টেকনোলজি, বায়োটেকনোলজি, রোবটিকস, মাইক্রোপ্রসেসর ডিজাইনের মত ক্ষেত্রগুলোতে জোর দিচ্ছে বাংলাদেশ সরকার। এ লক্ষ্য অর্জনের জন্য অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি দক্ষ মানবসম্পদ গড়ে তোলা জরুরি।

এবারের জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩ এর মূল প্রতিপাদ্য বিষয় "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা" যা খুবই সময়োপযোগী বলে আমি মনে করি। তৃণমূল পর্যায়ে এই দিবসটি উদযাপনের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়নের উদ্যোগ আরও জোরদার হবে এবং স্মার্ট বাংলাদেশের সাথে উৎপাদনশীলতার গুরুত্বও তাৎপর্য সবাই বুঝতে পারবে বলে আমার বিশ্বাস।

আমি "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩"এর সাফল্য কামনা করি ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

আ.ক.ম মোজাম্মেল হক এম.পি

নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এম.পি
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর উদ্যোগে ০২ অক্টোবর দেশব্যাপী "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩" উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এই মহৎ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন রইল।

এবারের মূল প্রতিপাদ্য "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা"। স্মার্ট বাংলাদেশের মূল লক্ষ্য হলো আগামী দিনে কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং, ইন্টারনেট অব থিংস, রোবটিকস, ব্লকচেইন, ন্যানো টেকনোলজি, থ্রি-ডি প্রিন্টিং এর মতো অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি, শিল্প ও সেবাখাতসহ সকল খাতের উৎপাদনশীলতা বৃদ্ধি করা। এসব প্রযুক্তি ব্যবহার করলে উৎপাদনশীলতা বাড়বে। উৎপাদনশীলতা বৃদ্ধি, জিডিপি প্রবৃদ্ধি ও জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে ২০৪১ সাল নাগাদ বাংলাদেশ একটি টেকসই, বুদ্ধিদীপ্ত ও জ্ঞানভিত্তিক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য অর্জনে সফল হবে বলে আমার বিশ্বাস।

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে পরিণত করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রতি ০২ অক্টোবরকে "জাতীয় উৎপাদনশীলতা দিবস" হিসেবে পালন করে আসছে। কৃষি নির্ভর অর্থনীতি থেকে ক্রমশঃ বেরিয়ে এসে শিল্প ও সেবা খাতমুখী হয়েছে আমাদের অর্থনীতি। বর্তমানে দেশে শিল্পের বিকাশ হচ্ছে। একটি দেশ উন্নত হতে হলে শিল্পের কোন বিকল্প নেই। টেকসই শিল্পায়নের পূর্বশর্ত হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধি। কৃষি, শিল্প ও সেবাসহ সকল খাতে উৎপাদনশীলতা যত বাড়বে, দেশ তত উন্নতির পথে অগ্রসর হবে। বর্তমান প্রেক্ষাপটে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সকল ক্ষেত্রে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার অপরিহার্য বলে আমি মনে করি।

আমি "জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩" উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচির সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি

ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি

মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ২০১২ সাল থেকে প্রতিবছর ২ অক্টোবর **'জাতীয় উৎপাদনশীলতা দিবস'** পালন করে আসছে জেনে আমি আনন্দিত। এ বছর দিবসটির প্রতিপাদ্য **'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা'**-তাৎপর্যপূর্ণ ও সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা ও মুক্ত বাজার অর্থনীতির প্রতিযোগিতামূলক বিশ্বে টিকে থাকতে হলে টেকসই উনয়নের কোনো বিকল্প নেই। উৎপাদনশীলতা এক্ষেত্রে একটি অপরিহার্য নিয়ামক। এটি দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের গতিধারাকে ত্বরান্বিত করে। এর গুরত্ব উপলব্ধি করে এনপিও দেশের শিল্প কলকারখানা ও সেবামূলক প্রতিষ্ঠানসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ ও তা বাস্তবায়ন করে যাচ্ছে। ফলে কৃষি উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ বিস্ময়কর সাফল্য অর্জন করেছে, যা সারা পৃথিবীতে প্রশংসিত ও নন্দিত হচ্ছে। ভবিষ্যতে দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য নিরাপত্তা টেকসই করতে কৃষিখাতে উৎপাদনশীলতাকে আরও বৃদ্ধির লক্ষ্যে নানান কাজ চলমান আছে।

বর্তমানে কৃষিখাতে দেশের মোট জনশক্তির প্রায় ৩৮ ভাগ নিয়োজিত থাকলেও ক্রমান্বয়ে এখাতে কর্মসংস্থানের সুযোগ কমে আসছে। অন্যদিকে প্রতিবছর শিক্ষিত ও দক্ষ জনশক্তি বাড়ছে। এসব শিক্ষিত ও দক্ষ জনশক্তির কর্মসংস্থানের জন্য শিল্পের প্রসার খুবই জরুরি। সেজন্য শিল্প কলকারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হবে। শিল্পখাতে উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে শিল্পায়ন আরও বাড়বে, দেশের শিক্ষিত ও দক্ষ জনশক্তির কর্মসংস্থান সৃষ্টি হবে এবং মানুষের আয় বৃদ্ধি পাবে।

আমি আশা করি, উৎপাদনশীলতা সম্পর্কে জনগণকে সচেতন ও উৎপাদনশীলতা আন্দোলনকে বেগবান করতে এ দিবস সহায়ক ভূমিকা পালন করবে। আমি জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩ এর সার্বিক সফলতা ও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি)

কামাল আহমেদ মজুমদার, এম.পি

প্রতিমন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর উদ্যোগে ০২ অক্টোবর দেশব্যাপী 'জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩' উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এটি সত্যই প্রশংসনীয় উদ্যোগ। এই মহৎ উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন।

টেকসই শিল্পায়নের পূর্বশর্ত হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধি। কৃষি ও শিল্পের উৎপাদনশীলতা বৃদ্ধি আমাদের বাণিজ্যের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করবে বলে আমি মনে করি। শিল্প ও সেবাসহ সকল খাতে উৎপাদনশীলতা যত বাড়বে, দেশ তত উন্নতির পথে অগ্রসর হবে। উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সকল সেক্টরে প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। নিত্য নতুন প্রযুক্তির যথাযথ ব্যবহারের ফলে নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে, পণ্যের গুণগত মান বাড়বে। ফলে, উৎপাদনশীলতা অনেক বেশি হারে বৃদ্ধি পাবে বলে আমি বিশ্বাস করি।

এবারের দিবসটির মূল প্রতিপাদ্য 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা'। এটি অত্যন্ত সময়োপযোগী। আমাদের লক্ষ্য স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা। এই লক্ষ্য অর্জন করতে হলে আমাদের অনেক চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য বাস্তবায়নে আমাদের প্রয়োজন স্মার্ট সিটিজেন, একটি সুশিক্ষিত ও আধুনিক প্রজন্ম। আর এই প্রজন্মের হাত ধরেই তৈরি হবে ২০৪১ এর ক্ষুধা, দারিদ্র্য ও বৈষম্যমুক্ত উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ।

আমি আশা করি ০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস সফলভাবে উদযাপিত হবে। আমি জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩ এর সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

কামাল আহমেদ মজুমদার, এম.পি

বেগম মন্নুজান সুফিয়ান, এমপি
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১১ সাল থেকে প্রতিবছর ২ অক্টোবরকে 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' হিসেবে পালন করে আসছে। সারাদেশে উৎপাদনশীলতার ধারণাকে ছড়িয়ে দিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন কর্তৃক আয়োজিত এই দিবসটির গুরুত্ব অপরিসীম। বরাবরের মত এবারও দিবসটি পালিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

স্মার্ট বাংলাদেশ হলো ডিজিটাল বাংলাদেশের পরবর্তী সুসংহত পরিমার্জিত রূপ, যা মূলত সরকারি সেবা থেকে শুরু করে অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশকে স্মার্টভাবে উপস্থাপনের প্রয়াস, যেখানে সকল ধরনের ন্যায্য অধিকার পূর্বের তুলনায় অধিকতর সক্ষমতার সঙ্গে নিশ্চিত করার মহাপরিকল্পনা করা হয়েছে। মূলত চতুর্থ শিল্প বিপ্লবের যুগে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ করার প্রয়াসই হলো স্মার্ট বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ এর সুযোগকে কাজে লাগাতে হলে আমাদের প্রধানতম লক্ষ্য হতে হবে সুদক্ষ মানবসম্পদ সৃষ্টি, তবেই দেশের সামগ্রিক অর্থনীতিতে গতিশীলতা আসবে এবং উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। এজন্য দক্ষ জনশক্তি তৈরি ও কৌশলগত উৎপাদনশীলতা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করতে হবে।

এবারের জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩ এর মূল প্রতিপাদ্য 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা' যা খুবই সময়োপযোগী বলে আমি মনে করি।

আমি দিবসটি উদযাপন উপলক্ষ্যে এনপিও কর্তৃক গৃহীত সকল কার্যক্রম এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

বেগম মন্নুজান সুফিয়ান, এম.পি
প্রতিমন্ত্রী

আমির হোসেন আমু, এম.পি
সভাপতি
শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ

বাণী

বিগত বছরের ন্যায় এ বছরও ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) কর্তৃক দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এবছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা, যা খুবই সময়োপযোগী বলে আমি মনে করি। আমি বিশ্বাস করি, এনপিও দেশের সার্বিক উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ আজ বাস্তব। বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়েছে। এখন তাঁর লক্ষ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়ন। এ লক্ষ্যকে সামনে রেখে ২০৪১ সালের মধ্যে বাস্তবায়নের জন্য ঘোষণা করা হয়েছে স্মার্ট বাংলাদেশ। স্মার্ট বাংলাদেশ হবে ক্ষুধা, দারিদ্র্য মুক্ত উন্নত সমৃদ্ধ।

বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বাধীন বর্তমান সরকার দারিদ্র্য বিমোচনে বিশ্বের রোল মডেল। নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ এদেশের ইতিহাসে অন্যতম সাহসীকতা। বিভিন্ন মেগা প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের উন্নয়নের ভিতকে অনেক শক্তিশালী করা হয়েছে। হাইটেক পার্ক, সাবমেরিন ক্যাবল, বঙ্গবন্ধু স্যাটেলাইট স্থাপন ইত্যাদি কর্মযজ্ঞের মাধ্যমে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে তার কাঙ্ক্ষিত লক্ষ্যে। শুধু তাই নয়, ২০৪১ পরবর্তী ২১০০ সালেও এ বঙ্গীয় বদ্বীপ যেন জলবায়ুর অভিঘাত থেকে রক্ষা পায়, দেশ উন্নত হয়, দেশের মানুষ যাতে সুন্দর, সুস্থ ও স্মার্টলি বাঁচতে পারে, সেজন্য ঘোষণা করা হয়েছে ডেল্টা প্ল্যান, যা বর্তমান সরকার তথা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনার দূরদৃষ্টির ফসল।

আমি আশা করি, জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩ দেশব্যাপী যথাযথ বাস্তবায়নের মাধ্যমে উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করতে সহায়ক ভূমিকা পালন করবে। আমি মনে করি, এনপিও উৎপাদশীলতা আন্দোলনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশের ভিত্তি স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনমি এবং স্মার্ট সোসাইটি বাস্তবায়নে বিশেষ ভূমিকা রাখবে।

আমি জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

আমির হোসেন আমু, এম.পি

জাকিয়া সুলতানা
সিনিয়র সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

প্রতি বছরের ন্যায় এবছরও 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। এ বছরের জাতীয় উৎপাদনশীলতা দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে **'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা'**; যা বর্তমান স্মার্ট বাংলাদেশ রূপকল্পের সাথে সাযুজ্যপূর্ণ।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে পরিণত করার লক্ষ্যে ভিশন ২০৪১ ঘোষণা করেছেন। এ লক্ষ্য বাস্তবায়নে বাংলাদেশের সকল নাগরিকের অন্তর্ভুক্তিমূলক অংশগ্রহণ একান্ত জরুরী। স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনমি ও স্মার্ট সোসাইটি-এ ৪টি স্তম্ভের উপর উন্নত বাংলাদেশ বিনির্মাণ ত্বরান্বিত করে বহির্বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় শিল্প সেক্টরের ভূমিকা অনস্বীকার্য।

বর্তমান বাংলাদেশের জিডিপিতে শিল্পখাতের অবদান ৩৭.০৭ শতাংশে উন্নীত হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৯৯.২০% বাস্তবায়ন, এ যাবৎকালের সর্বোচ্চ ২২.৩৩ লক্ষ মে. টন লবন উৎপাদন, ৭.১৬ লক্ষ মে. টন ইউরিয়া সার উৎপাদন এবং চিনি শিল্পে একর প্রতি ৮২ মে. টন পর্যন্ত আখ উৎপাদন করা সম্ভব হয়েছে। চামড়া শিল্পে ১.২৫ বিলিয়ন ইউএস ডলার রপ্তানি আয় বৃদ্ধি পেয়েছে। এছাড়া বঙ্গবন্ধুর নিজ উদ্যোগে গড়া প্রতিষ্ঠান বিসিক বেসরকারি খাতে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশে ইতোমধ্যে প্রায় ৭৯ লাখ এসএমই উদ্যোক্তা গড়ে ওঠেছে। এসব এসএমই শিল্প জিডিপিতে শতকরা ২৫ ভাগ এবং মোট শিল্প কর্মসংস্থানে শতকরা ৮০-৮৫ ভাগ অবদান রাখছে।

এ ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বাংলাদেশের জাতীয় অর্থনীতি উন্নয়নের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে বিভিন্ন খাত, উপখাতসহ শিল্প/সেবামূলক প্রতিষ্ঠানে উৎপাদশীলতা সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরি সহায়তা, গবেষণা ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এছাড়া এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে পারস্পরিক শিখন (Hrizontal Learning) এবং এ শিখনফল ছড়িয়ে দেওয়ার মাধ্যমে শিল্প সেক্টরে উৎপাদনশীলতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

আমার দৃঢ় বিশ্বাস মহান মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস উদযাপনের মধ্য দিয়ে আগামী প্রজন্মের জন্য একটি শিল্পসমৃদ্ধ উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে এনপিও দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধির কার্যক্রম আরো বেগবান করবে।

আমি এনপিও'র সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

জাকিয়া সুলতানা

মুহম্মদ মেসবাহুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ২ অক্টোবর ২০২৩ তারিখ সারা দেশে **জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩** উদ্‌যাপন করতে যাচ্ছে। এ বছরের প্রতিপাদ্য বিষয় **"স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা (Productivity for Smart Bangladesh)"**। প্রতিপাদ্যটি যুগোপযোগী এবং বর্তমান সময়কে ধারণ করে আমাদের জাতীয় অঙ্গীকার পূরণে ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি।

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি সুখী, সমৃদ্ধ ও প্রগতিশীল সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন। সেই স্বপ্ন বাস্তবায়নে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে চলেছেন। এ লক্ষ্যে বাংলাদেশ সরকার বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১, শতবর্ষী ডেল্টা প্ল্যান তথা 'ব-দ্বীপ পরিকল্পনা-২১০০' এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা জুলাই ২০২০- জুন ২০২৫ গ্রহণ করেছে। এছাড়া উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) যৌথভাবে বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ প্রণয়ন করেছে।

উন্নত ও স্মার্ট বাংলাদেশের যে স্বপ্ন আমরা দেখছি তা বাস্তবায়নে উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই। উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে সরকার, মালিকপক্ষ ও শ্রমিক সবাই লাভবান হবেন। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে শিল্প, কৃষি ও সেবা খাতসহ প্রতিটি সেক্টরে প্রযুক্তির ব্যবহার অপরিহার্য হয়ে উঠছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র গতিশীল নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ আজ এক দৃশ্যমান বাস্তবতা। দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস পালনের মধ্যে দিয়ে নতুন নতুন উন্নতমানের পণ্য ও সেবাসমূহ পাওয়া যাবে বলে আমি বিশ্বাস করি।

আমি **জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩** এর সাফল্য কামনা করছি। দিনটিকে সফল করার জন্য এনপিও'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

মুহম্মদ মেসবাহুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
এনপিও

Dr. Indra Pradana Singawinata
APO Secretary-General
Tokyo

Message from the APO Secretary-General on National Productivity Day 2023, Bangladesh

On behalf of the Asian Productivity Organization (APO), I extend hearty congratulations to the Government of Bangladesh, National Productivity Organisation (NPO), and people of Bangladesh on the occasion of their 12th National Productivity Day on 2 October 2023. The theme of this year's celebration, "Productivity for Smart Bangladesh," reflects the strong commitment to achieving the country's vision of becoming a developed economy by 2041. The APO joins the citizens of Bangladesh in marking this joyous occasion.

This annual event is significant for the productivity movement in Bangladesh. The APO is pleased to contribute to the building of Golden Bengal by presenting the National Productivity Master Plan 2021–30 to the Government of Bangladesh, which aims to raise the national productivity level and standard of living. To enhance the role of the NPO Bangladesh, the APO Secretariat is now supporting its efforts to become accredited as an APO Certification Body of Productivity Specialists in 2024.

It is very encouraging to note that Bangladesh will celebrate Productivity Day nationally through awareness campaigns using traditional and mass media, seminars, TV and radio talk shows, rallies, and commemorative publications on productivity and sustainable development issues. I congratulate the Ministry of Industries and NPO for organizing these events. The APO will continue to support Bangladesh in achieving its vision of becoming a more productive, sustainable economy.

I hope that the Government of Bangladesh and its people continue to reap the benefits of the productivity movement while enjoying prosperity, peace, equality, and progress in the years ahead.

Dr. Indra Pradana Singawinata

মাহবুবুল আলম
সভাপতি
এফবিসিসিআই

বাণী

শিল্প মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) প্রতি বছরের মত এবারও "জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩" উদযাপন করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। এবছর দিবসটির প্রতিপাদ্য ঠিক করা হয়েছে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা", যা উন্নত ও স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সহায়ক ও সময়োপযোগী বলে আমি বিশ্বাস করি।

বর্তমান সরকারের নেতৃত্বে দারিদ্র্য দূরীকরণ ও প্রবৃদ্ধি অর্জনে বিশ্বের এক রোল মডেল বাংলাদেশ। উন্নয়নের অগ্রযাত্রা পেরিয়ে আমরা এখন স্মার্ট বাংলাদেশের অভিমুখে। কৃষি, শিল্প, সেবা প্রতিটি ক্ষেত্রেই দেশ এগিয়ে যাচ্ছে। চাল, ডাল, আলু, পেঁয়াজ, চাসহ বিভিন্ন কৃষিপণ্য উৎপাদনে বাংলাদেশ শীর্ষ দশটি দেশের মধ্যে স্থান করে নিয়েছে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। আধুনিক, সুখী-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

উন্নত বা স্মার্ট বাংলাদেশ গড়ার ক্ষেত্রে উৎপাদনশীলতার কোন বিকল্প নেই। যে কোন দেশের টেকসই উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে অধিক উৎপাদনশীলতা। উন্নত ও টেকসই বাংলাদেশ নির্মাণের লক্ষ্যে উৎপাদনশীলতা বাড়াতে সরকারের বিভিন্ন উদ্যোগ ও পদক্ষেপ সর্বমহলে প্রশংসিত। যোগাযোগ, চিকিৎসা, সেবা, প্রকাশনাসহ বিভিন্ন খাতের ব্যাপক উন্নয়নের মাধ্যমে দেশের উৎপাদনশীলতা বৃদ্ধি পাচ্ছে। উৎপাদনশীল দেশের এ অগ্রগতির পিছনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে শিল্প মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)। ভবিষ্যতেও এ সংস্থা দেশের উৎপাদনশীলতা বৃদ্ধিতে তাদের প্রশংসনীয় কর্মকান্ড অব্যাহত রাখবে বলে আমি বিশ্বাস করি।

দেশের উৎপাদনশীলতা বাড়াতে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই এর সদস্য চেম্বার ও অ্যাসোসিয়েশনকে সাথে নিয়ে নানামুখী পরিকল্পনা গ্রহণ ও সেগুলো বাস্তবায়নে কাজ করছে। স্মার্ট বাংলাদেশ গড়তে শিল্প মন্ত্রণালয়ের অধীন এনপিও'র পাশাপাশি দেশের সকল শিল্প ও সেবা প্রতিষ্ঠানকে এগিয়ে আসার জন্য আমি আহ্বান জানাচ্ছি।

আমি জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০২৩ এর সার্বিক সাফল্য কামনা করছি।

মাহবুবুল আলম
সভাপতি, এফবিসিসিআই

Mirza Nurul Ghani Shovon, CIP
President
The National Association of Small and
Cottage Industries of Bangladesh (NASCIB)

Message

I am writing to extend my heartfelt congratulations on the occasion of "National Productivity Day" a momentous event organized by the National Productivity Organization (NPO) under the Ministry of Industries, scheduled for October 2nd, 2023. This year's theme, "Productivity for Smart Bangladesh" encapsulates the aspirations and potential of our great nation to become a beacon of innovation and progress. It is a celebration of our journey towards a Smart Bangladesh, spanning Smart Citizens, Smart Government, Smart Economy, and Smart Society.

The concept of productivity lies at the core of any nation's progress, and it is heartening to witness the efforts put forth by the National Productivity Organization (NPO), in close collaboration with the National Association of Small and Cottage Industries of Bangladesh (NASCIB), in realizing this vision. The partnership between NASCIB and NPO has been instrumental in driving the betterment of productivity in Bangladesh, which, in turn, directly contributes to the enhancement of our national growth. Furthermore, NASCIB is working diligently and inductively to align its efforts with the honorable Prime Minister's vision of Smart Bangladesh by 2041, the 8th five-year plan, SDG goals, and other economic goals set forth by the Government of Bangladesh.

Enhancement of productivity is at the core of achieving these smart objectives. Productivity, in essence, signifies the efficient utilization of resources to produce more with less. It is the driving force behind economic growth and plays a pivotal role in elevating the standard of living for the citizens of Bangladesh. As our nation continues to grow and evolve, it is crucial that we emphasize and invest in enhancing productivity across all sectors.

One of the most significant impacts of increased productivity is seen in the growth of Gross Domestic Product (GDP). A nation's GDP is a reflection of its economic prowess and the collective efforts of its citizens and industries. By focusing on productivity, we can not only boost the GDP but also ensure its sustainability over time. The NPO's initiatives and endeavors to promote productivity are vital in this regard.

Moreover, the growth of per capita income is another essential indicator of our nation's prosperity. A higher per capita income implies an improved standard of living for our citizens. When productivity is increased, it leads to greater economic output, which can then be distributed more equitably among the population. This, in turn, translates into an enhanced quality of life for all Bangladeshis, aligning perfectly with the goal of Smart Standard of Living.

The theme of Smart Bangladesh underscores the importance of efficiency and innovation in all aspects of our society. Smart Citizens, through education and awareness, are empowered to contribute to the nation's productivity and progress. Smart Government ensures that policies and regulations are conducive to productivity growth and that public services are efficient and responsive to citizens' needs. Smart Economy embraces technological advancements and fosters entrepreneurship to drive economic growth. Smart Society promotes inclusivity, sustainability, and social development, creating a holistic approach to progress.

In celebrating National Productivity Day, we also acknowledge the hard work, dedication, and innovation of countless individuals, organizations, and institutions across the country. Their contributions are the driving force behind our nation's growth and prosperity. It is essential to recognize and reward their efforts while encouraging others to follow suit.

In conclusion, I extend my heartfelt congratulations to the entire nation on the occasion of National Productivity Day 2023. May this day serve as a catalyst for greater productivity, innovation, and prosperity for all Bangladeshis.

Happy National Productivity Day!

Mirza Nurul Ghani Shovon, CIP

শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব জাকিয়া সুলতানা

সিনিয়র সচিব হিসেবে পদোন্নতি পাওয়ায় এনপিও'র পক্ষ থেকে ফুলেল

শুভেচ্ছা

এনপিও'র পরিচিতি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর। দেশের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ১৯৮২ সালের ডিসেম্বর মাসে শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়ের অধীনে "জাতীয় শ্রম উৎপাদনশীলতা পর্যবেক্ষণ ও পরিনিয়ন্ত্রণ কেন্দ্র (এনসিএমএলপি)" নামে একটি উন্নয়ন প্রকল্প গৃহীত হয়। পরবর্তীতে প্রকল্পটির নাম পরিবর্তন করে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" রাখা হয়। সর্বশেষে ১৯৮৯ সালে "বাংলাদেশ উৎপাদনশীলতা কেন্দ্র (বিপিসি)" প্রকল্পটিকে উন্নয়ন খাত হতে সরকারের নিয়মিত রাজস্ব বাজেটে স্থানান্তর পূর্বক শ্রম ও জনশক্তি মন্ত্রণালয় হতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)" নামে শিল্প মন্ত্রণালয়ে ন্যস্ত করা হয়। এনপিও বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হিসেবে বিভিন্ন খাত, উপ-খাত এবং কুটির শিল্পসহ এসএমই ও কৃষি, শিল্প ও সেবা প্রতিষ্ঠানে উৎপাদনশীলতা উন্নয়নে যুগোপযোগী কলাকৌশল সম্পর্কিত প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা, পরামর্শ সেবা, কারিগরী সহায়তা প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। এনপিও জাপানস্থ এশিয়ান প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এপিও) এর ফোকাল পয়েন্ট হিসেবে আন্তর্জাতিক মানের কনসালটেন্সি সেবা প্রদান করে থাকে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণানুযায়ী, উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করা, প্রতিবছর ০২ অক্টোবরকে "জাতীয় উৎপাদনশীলতা দিবস" পালন করা এবং সর্বোপরি এ কার্যক্রম জোরদার করার লক্ষ্যে কৃষি, শিল্প ও সেবা সেক্টরের সেরা প্রতিষ্ঠানকে স্বীকৃতি স্বরূপ প্রতিবছর "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড" প্রদান করা হচ্ছে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নকে টেকসই করার উপযুক্ত পথ হলো অর্থনীতির প্রতিটি খাতের কার্যক্রমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। এনপিও হতে কৃষি, শিল্প ও সেবা সেক্টরের উৎপাদনশীলতা উন্নয়নকল্পে টেকসই গবেষণা চালানো ও উদ্ভাবনীমূলক ইনোভেশন কার্যক্রমও চর্চা করা হচ্ছে ।

প্রধান পৃষ্ঠপোষকঃ

জনাব মুহম্মদ মেসবাহুল আলম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব), এনপিও

'জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২৩' সূভ্যেনির কমিটি

ক্রমিক নং	নাম ও পদবি	দায়িত্ব
১।	পরিচালক, এনপিও	আহবায়ক
২।	জনাব মুহাম্মদ আরিফুজ্জামান, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৩।	জনাব মোঃ রাজু আহম্মেদ, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা (সিসি), এনপিও	সদস্য
৪।	জনাব রিপন সাহা, গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৫।	জনাব সুরাইয়া সাবরিনা, গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৬।	জনাব সৈয়দ জায়েদ-উল ইসলাম, গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৭।	জনাব ফারজানা হক, গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৮।	জনাব আব্দুল্লাহ আল যোবায়ের, গবেষণা কর্মকর্তা, এনপিও	সদস্য
৯।	জনাব মোঃ আব্দুল জব্বার, প্রশাসনিক কর্মকর্তা, এনপিও	সদস্য
১০।	জনাব মোঃ রিপন মিয়া, পরিসংখ্যান তথ্যানু সন্ধানকারী, এনপিও	সদস্য
১১।	জনাব এ.এফ. এম. হাসান উল বান্না, পরিসংখ্যান তথ্যানু সন্ধানকারী, এনপিও	সদস্য
১২।	মোছাঃ আবিদা সুলতানা, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা	সদস্য সচিব

প্রকাশকালঃ ০২ অক্টোবর ২০২৩
১৭ আশ্বিন ১৪৩০

মুদ্রণেঃ আরিস্তা প্রিন্টার্স
৬৫/৭২, গাউসুল আজম সুপার মার্কেট, কাঁটাবন, ঢাকা
মোবাইলঃ ০১৭৯৬২৪৮২৮২

সূচিপত্র

ক্রম	বিষয়	লেখকের নাম	পৃষ্ঠা নং
০১	উৎপাদনশীলতা বৃদ্ধিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ভূমিকা	মুহম্মদ মেসবাহুল আলম	২১-২৪
০২	Role of National Productivity in Building Smart Bangladesh	Dr. Md. Muzaffar Ahmed	২৫-২৭
০৩	Navigating Sustainability and Productivity and New Age Technology:Building an Agile Work Environment for Global Competitiveness	Dr. Md Mamunur Rashid	২৮-২৯
০৪	ব্যবসায়ে সফল উদ্যোক্তা, বেকারত্ব নিরসন ও উৎপাদনশীলতা	এ টি এম মোজাম্মেল হক	৩০--৩৪
০৫	দক্ষতার উন্নয়ন উৎপাদনশীলতা বৃদ্ধির পূর্বশর্ত	মোছাম্মৎ ফাতেমা বেগম	৩৫-৩৭
০৬	Total Quality Management System	Md. Razu Ahammed	৩৮-৪০
০৭	চতুর্থ শিল্প বিপ্লব ও বাংলাদেশ	মোঃ আমিনুল ইসলাম	৪১-৪৫
০৮	The APO Vision 2025	Ripon Saha	৪৬-৪৮
০৯	Prospects of Green Economy in Bangladesh	Suraiya Subrina	৪৯-৫১
১০	The Significance of Standards, Testing and Certification In Productivity.	Dr. Khorshed Alam	৫২-৫৩
১১	Importance of Business Excellence Framework to Achieve Vision Smart Bangladesh	Md. Moniruzzaman	৫৪-৫৫
১২	টেকসই উন্নয়নে মেটেরিয়াল ফ্লো কস্ট একাউন্টিং (এমএফসিএ) এর গুরুত্ব	মো: আকিবুল হক	৫৬-৫৯
১৩	দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নারীদেরকে আনুষ্ঠানিক (Formal) সেক্টরে আরও বেশি অন্তর্ভুক্ত করা প্রয়োজন	নাহিদা সুলতানা রত্না	৬০-৬১
১৪	উৎপাদনশীলতা বৃদ্ধিতে লীন ম্যানেজমেন্টের ভূমিকা	সৈয়দ জায়েদ-উল ইসলাম	৬২-৬৪
১৫	Cultivating Productivity and SMART Goals for Sustainable Development in Bangladesh	Abdullah Al Zobair	৬৫-৬৬
১৬	Productivity for Sustainable Development at Industry Level in Bangladesh	Hasan Ul Banna	৬৭-৬৮
১৭	উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও'র প্রশিক্ষণ কার্যক্রম		৬৯-৭০
১৮	এনপিও এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ শীর্ষক প্রকল্প		৭১-৭৩
১৯	বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ এর চ্যালেঞ্জ ও করণীয়		৭৪-৭৫
২০	০২ অক্টোবর জাতীয় উৎপাদনশীলতা দিবস		৭৬-৮০
২১	Productivity : A Philosophy		৮১-৮৩
২২	PRODUCTIVITY FOR SUSTAINABLE DEVELOPMENT		৮৪-৮৬
২৩	Relevant SDG Targets related to Productivity		৮৭-৮৯
২৪	9 Timeless Productivity Tips from Ancient Philosophers		৯০-৯২
২৫	এনপিও এর কর্মকাণ্ডের স্থির চিত্র		৯৩-১০৪

উৎপাদনশীলতা বৃদ্ধিতে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর ভূমিকা

মুহম্মদ মেসবাহুল আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)
শিল্প মন্ত্রণালয়

কৃষি প্রধান থেকে শিল্প ও সেবা প্রধান অর্থনীতি বাংলাদেশের অর্থনীতিতে আধুনিকায়ন এনেছে। টেকসই শিল্প খাত ছাড়া অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন সম্ভব নয়। দেশের চলমান এই উন্নয়নকে টেকসই করতে সম্পদের সুষ্ঠু ও দক্ষ ব্যবহার প্রয়োজন। উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমেই একটি জাতির অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। জাতীয় অর্থনীতিকে গতিশীল করার অন্যতম মাধ্যম অর্থনীতির প্রতিটি খাতের কর্মকান্ডে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত রাখতে উৎপাদনশীল শিল্পায়নমুখী পরিবেশ নিশ্চিত করার জন্য কাজ করে যাচ্ছে বাংলাদেশ সরকার।

পরিবর্তনশীল বিশ্বে উন্নত ও সমৃদ্ধ অর্থনীতি নিশ্চিত করা ও অর্থনীতির প্রতিটি খাতের উন্নয়নের গতি ত্বরান্বিত করা বিশ্বের প্রতিটি দেশের অভিপ্রায় ও লক্ষ্য। জাতীয় অর্থনীতিকে গতিশীল করার অন্যতম পথ অর্থনীতির প্রতিটি খাতের কর্মকান্ডে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। এটি পৃথিবীব্যাপী স্বীকৃত একটি বাস্তবতা যার গুরুত্ব অনুধাবন করে বর্তমান বিশ্বে সকল প্রগতিশীল রাষ্ট্র ব্যবস্থায় উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রমকে জাতীয় আন্দোলন হিসেবে স্বীকৃতি দেওয়া হচ্ছে এবং এশিয়া তথা বিশ্বের শক্তিশালী অর্থনীতি সিঙ্গাপুর, জাপান উৎপাদনশীলতা উন্নয়নকে সার্বিক অর্থনৈতিক উন্নয়নের অন্যতম হাতিয়ার হিসেবে গ্রহণ করেছে। সেই লক্ষ্যে রাষ্ট্রীয় শিল্পনীতির সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনশীলতা কার্যক্রমকে ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি করা হয়েছে।

যেখানে শিল্পায়নের যেমন কোন বিকল্প নেই একইভাবে সুষ্ঠু শিল্পায়ন নিশ্চিত করার লক্ষ্যে উৎপাদনশীলতা উন্নয়নের কোন বিকল্প নেই। শিল্প বিকাশের জন্য যেমন নতুন শিল্প কারখানা সৃষ্টির প্রয়োজন তেমনি এ সকল কারখানায় দক্ষতা ও মুনাফা বৃদ্ধি করে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য উৎপাদনশীলতা বৃদ্ধিও একান্তভাবে অপরিহার্য। ন্যাশনাল প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি/বেসরকারি বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে কর্মরত ব্যবস্থাপক ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচী সম্পাদন করে আসছে।

জাতির পিতা বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। বাংলাদেশের উন্নয়ন ও অগ্রগতিতে তাঁর অবদান অপরিসীম ও অতুলনীয়। তাঁর দূরদৃষ্টি, বলিষ্ঠ নেতৃত্ব এবং জনকল্যাণমুখী কার্যক্রমে দেশ আজ দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে। ক্রমাগত প্রবৃদ্ধি অর্জনসহ মাথাপিছু আয় বাড়ছে, কমছে দারিদ্র্যের হার। তাঁর সাহসিকতা এবং নিজস্ব অর্থায়নে পদ্মাসেতুর মতো বৃহৎ প্রকল্প বাস্তবায়িত হয়েছে যার সুফল দেশবাসী পাচ্ছে। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের যে স্বাধীনতা এনে দিয়েছিলেন, স্বাধীনতার অর্ধ শতাব্দী পর সেই জাতিকে বিশ্বের দরবারে মাথা উঁচু করে দাঁড়ানোর শক্তি দিয়েছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ পর্ব শেষে আবারও নতুন লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এবারের লক্ষ্যের নাম 'স্মার্ট বাংলাদেশ ভিশন ২০৪১'। আপাতঃদৃষ্টিতে ডিজিটাল বাংলাদেশ ও স্মার্ট বাংলাদেশ মনে হবে একই প্রকৃতির কিন্তু ব্যবহারিক ও ধারণাগত দৃষ্টিকোণ থেকে তা বেশ ভিন্ন। ডিজিটাল বাংলাদেশ হলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যম। অপরপক্ষ, স্মার্ট বাংলাদেশ হলো ডিজিটাল বাংলাদেশের পরবর্তী সুসংহত পরিমার্জিত রূপ, যা মূলত সরকারি সেবা থেকে শুরু করে অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক ও বৈশ্বিক প্রেক্ষাপটে বাংলাদেশকে স্মার্টভাবে উপস্থাপনের প্রয়াস। মূলত চতুর্থ শিল্পবিপ্লবের যুগে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ করার প্রয়াসঃই হলো স্মার্ট বাংলাদেশ।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও):

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি আর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়, নিরলস ভাবে নানামুখী কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সরকারের উন্নয়নে একসাথে সামিল হয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়নের এ যুগে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প কারখানা/সেবা প্রতিষ্ঠানে দক্ষ জনবল তৈরীর পাশাপাশি

মুনাফা বৃদ্ধিসহ লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। বিশ্বায়নের এ চ্যালেঞ্জ মোকাবেলায় সৃজনশী প্রচেষ্টায় পণ্যের গুণগত মান উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধি একান্তভাবে অপরিহার্য। এনপিও দেশের একমাত্র সরকারী প্রতিষ্ঠান যা সরকারের উৎপাদনশীলতা নীতি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য কাজ করে থাকে। উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণা কাজও এনপিও করে থাকে। এছাড়াও জাপানস্থ আন্তর্জাতিক সংগঠন এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর ফোকা পয়েন্ট হিসেবে এনপিও বাংলাদেশে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে ।

কার্যাবলি (Functions) :

- উৎপাদনশীলতা উন্নয়নের লক্ষ্যে নীতিমালা প্রণয়নে সরকারকে পরামর্শ প্রদান করা;
- জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে শিল্প কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন নিয়মিতভাবে উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করা;
- শিল্প কারখানা ও প্রতিষ্ঠানে উৎপাদনশীলতার গতিধারা সমুন্নত রাখার লক্ষ্যে পরামর্শ সেবা ও কনসালটেন্সির মাধ্যমে প্রভাবক ব ক্যাটালিস্ট হিসেবে দায়িত্ব পালন করা;
- উৎপাদনশীলতা বিষয়ক তথ্য সংগ্রহ, সংকলন এবং বিশ্লেষণসহ প্রতিবেদন প্রস্তুত করা;
- প্রতি বছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান ও ট্রেডবডি/অ্যাসোসিয়েশনকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এব ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রদান;
- প্রতি বছর ০২ অক্টোবর রাজধানীসহ দেশের সকল বিভাগ জেলা, উপজেলা পর্যায়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন এব এ উপলক্ষে সেমিনারের আয়োজন;
- জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ১০ বছর ব্যাপী Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 বাস্তবায়নে সমন্বয়কের ভূমিকা পালন;
- টোকিওস্থ এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর বাংলাদেশে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করা;
- শিল্পের বিভিন্ন সেক্টরভিত্তিক প্রোডাকটিভিটি লেভেল নির্ধারণ এবং গবেষণা কার্যক্রম পরিচালনা;
- উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে জাতীয় এবং আন্তর্জাতিক প্রশিক্ষণ, কনসালটেন্সী, সেমিনার, কর্মশালা, টেকনিক্যা এক্সপার্ট সার্ভিস ইত্যাদি কর্মকান্ড পরিচালনা।

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে ঘোষণাঃ

উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলনে পরিণত করার জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বিগত ০২ অক্টোবর ২০১১ তারিখে উৎপাদনশীলতা বিষয়ক বহুমুখী জাতীয় সম্মেলনের আয়োজন করে। উক্ত সম্মেলনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিম্নোক্ত ঘোষণা করেনঃ

১। উৎপাদনশীলতাকে একটি জাতীয় আন্দোলনে পরিণত করা;
২। প্রতি বছর ০২ অক্টোবর 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' হিসেবে পালন; এবং
৩। প্রতি বছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান কে 'ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' প্রদান।

উৎপাদনশীলতা উন্নয়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যুগান্তকারী ঘোষণা উৎপাদনশীলতা আন্দোলনকে আরও বেগবান ও সমৃ করেছে। এরপর হতে প্রতি বছর ০২ অক্টোবর অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' পালন এবং শ্রেষ্ঠ শি প্রতিষ্ঠানের মাঝে 'ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড' প্রদান করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় এবছর দেশব্যাপী ০২ অক্টোবর 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' পালন করা হচ্ছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে "স্ম বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা" (Productivity For Smart Bangladesh)। বিভিন্ন ট্রেডবডি, অ্যাসোসিয়েশন, সেবামূল সংগঠন, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ এবং শ্রমিক সংগঠন সমূহকে উৎপাদনশীলতা দিবস ২০২৩ যথাযো মর্যাদায় পালনের জন্য অনুরোধ করা হয়েছে ।

অনুমোদিত/প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পঃ

এনপিও'র জনবলের পেশাগত দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতার উন্নয়ন শীর্ষক ০৩ ব মেয়াদে বর্তমানে প্রকল্পটির সময় বর্ধিত করা হয়েছে। এ প্রকল্পটির অধীনে ইতোমধ্যে ৫৫টি সেমিনার, ৩৬টি প্রশিক্ষণ ও ৩ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও'র প্রশিক্ষণ কার্যক্রমঃ

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সরকারি/বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে নিয়মিতভাবে "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল, কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন, প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগত মান উন্নয়ন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ, কোয়ালিটি ব্যবস্থাপনা, কারখানা পর্যায়ে প্রতিযোগিতামূলক উৎপাদনশীলতা ও সবুজ উৎপাদনশীলতা" শীর্ষক শিরোনামে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। দেশের বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরের ৫০টি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করার মাধ্যমে ১৭৪৯ জন প্রশিক্ষণার্থীদেরকে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা।

সেক্টরভিত্তিক প্রশিক্ষণার্থীর সংখ্যা

সেক্টরভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা



সমঝোতা স্মারক স্বাক্ষরঃ

উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করার উদ্দেশ্যে ০১। জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব); ০২। বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিজ; ০৩। ইনফরমাল সেক্টর ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল; ০৪। বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ); ০৫। ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই); ০৬। বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই); ০৭। বাংলাদেশ সোসাইটি ফর ফার্মাসিউটিক্যাল প্রফেশনালস (বিএসপিপি) এবং ০৮। ঢাকা উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সাথে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

TES কর্মসূচি বাস্তবায়নঃ

Technical Expert Service (TES) কর্মসূচির অংশ হিসাবে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর সহায়তায় এনপিও নস্তরের জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য ২০২২-২৩ অর্থবছরে ০১। TES on Productivity Measurement and Statistics; ০২। TES on Lean Manufacturing System; ০৩। TES on Productivity Basic Tools and Techniques; এবং ৪। TES on Lean Manufacturing System বিষয়ের উপর চারটি বিশেষজ্ঞ সেবা প্রদান দান করা হয়েছে। বিগত ৫ বছরে সর্বমোট ১৭ টি TES অনুষ্ঠিত হয়েছে।

ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২১ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড-২০২১ প্রদানঃ

শিল্প ও সবা প্রতিষ্ঠানকে উৎপাদনশীলতা উন্নয়নের স্বীকৃতি স্বরূপ ২০১২ সাল থেকে নিয়মিত "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড" প্রদান করা হচ্ছে। শিল্প খাতে বিশেষ অবদানের জন্য ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০২১ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড-২০২১ গত ১৭ জুন, ২০২৩ তারিখে হোটেল ইন্টারকন্টিনেন্টাল এ প্রদান করা হয়। উৎপাদনশীলতা বৃদ্ধি ও উৎপাদিত পণ্যে উৎকর্ষতা সাধনে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ ০৬টি ক্যাটাগরিতে ৩৯ টি শিল্প প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ০২টি ট্রেডবডিকে ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

জাতীয় পর্যায়ে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ১০ বছর ব্যাপী Bangladesh National Productivity Master Plan FY 2021-2030 প্রণয়নঃ

উৎপাদনশীলতা আন্দোলনকে দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে এনপিও এবং এপিও এর যৌথ উদ্যোগে বাংলাদেশের বিভিন্ন সেক্টরের উৎপাদনশীলতা, গুণগতমান, প্রতিযোগিতা এবং উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "Bangladesh National Productivity

Master Plan (NPM) FY 2021-2030" একটি মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়ন করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/দপ্তরের সহযোগিতায় Master Plan বাস্তবায়নের একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে মহাপরিকল্পনা (Master Plan) সংযুক্ত করা হয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের Annunal Performance Agreement(APA)-তে সংযুক্তকরণের উদ্যোগ নেয়া হয়েছে।

৪র্থ শিল্প বিপ্লব বিষয়ক কার্যক্রমঃ

অর্থনৈতিক কার্যক্রম প্রতিনিয়ত পরিবর্তনশীল। পুরাতন অর্থনৈতিক পরিকল্পনা ক্রমাগতভাবে নতুন প্রক্রিয়া দ্বারা প্রতিস্থাপিত হয়। একবিংশ শতাব্দীর এ সময়ে এসে ক্রমবর্ধমান আন্তঃসংযোগ ও স্মার্ট অটোমেশনের কারণে প্রযুক্তি, শিল্প, উৎপাদন প্রক্রিয়া তথা অর্থনৈতিক কর্মকান্ডের সকল ক্ষেত্রে বিশ্বব্যাপী অতি দ্রুত পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে, যা ৪র্থ শিল্প বিপ্লব নামে আখ্যায়িত হচ্ছে। বৈশ্বিক অর্থনীতির এরূপ অনিবার্য পরিবর্তিত পরিস্থিতিতে প্রতিযোগিতায় টিকে থেকে আমাদের উন্নয়ন অগ্রযাত্রাকে সফলভাবে এগিয়ে নিতে হলে পরিবর্তিত পরিস্থিতির সাথে নিজেদের খাপ খাইয়ে নেওয়ার উপযুক্ত করে গড়ে তোলার বিকল্প নেই। সে লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি প্রয়োগ করে প্রকল্প গ্রহনের উদ্যোগ নেয়া হয়েছে । ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাবনা কাজে লাগিয়ে চ্যালেঞ্জ মোকাবেলার নিমিত্ত ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) একটি প্রকল্পের কাজ শুরু করতে যাচ্ছে।

এনপিও-এর কর্মকান্ড আরো বিস্তৃত করার জন্য এনপিওকে অধিদপ্তরে রূপান্তরের কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে এনপিও'র জনবল বৃদ্ধির অনুমোদন পাওয়া গেছে । দেশের প্রতিটি বিভাগে আঞ্চলিক ও বিভাগীয় পৃথক অফিস স্থাপন করা হলে উৎপাদনশীলত কে একটি জাতীয় আন্দোলনে পরিণত করা সহজ হবে ।

এনপিও এর চ্যালেঞ্জসমূহঃ

- সীমিত সংখ্যক জনবল দিয়ে উৎপাদনশীলতা বৃদ্ধি।
- ন্যাশনাল প্রেতিষ্ঠানের চাহিদা অনুযায়ী মানসম্পন্ন প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবা প্রদান।
- সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে এনপিও প্রদত্ত সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন।
- উৎপাদনশীলতা পরিমাপের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের অপ্রাপ্যতা।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

- এনপিও দপ্তরকে অধিদপ্তর এ উন্নীতকরণ।
- বিভাগীয় শহরে এনপিও'র অফিস স্থাপন।
- অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতার লেভেল পরিমাপ করা।
- উৎপাদনশীলতা বিষয়ক প্রশিক্ষণ/পরামর্শ ও গবেষণার কার্যক্রম সম্প্রসারণ করা।
- উৎপাদনশীলতা বিষয়ক নীতিমালা/আইন প্রণয়ন।

উপসংহারঃ

একটি দেশে যে সব সম্পদ থাকে সেগুলোর মধ্যে মানব সম্পদই হলো সবচেয়ে গুরুত্বপূর্ণ সম্পদ। কেবলমাত্র মানুষের দ্বারাই সবকিছুর যথোপযুক্ত ব্যবহার এবং পরিচালনা সম্ভব। আর এই পরিচালনার মাধ্যমে কাঙ্খিত লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজন কর্মদক্ষ, মেধাবী ও সৃষ্টিশীল মানব সম্পদ। বর্তমান বিশ্বে মুক্তবাজার অর্থনীতি এবং তথ্য প্রযুক্তির যে বিকাশ ঘটেছে তা আমাদের জন্য বিপুল সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে। উন্নয়নশীল দেশগুলোর জন্য এ চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ মানব সম্পদের গুরুত্ব অপরিহার্য। মানব সম্পদ দক্ষ না হলে উৎপাদনশীলতা উন্নয়নে এগিয়ে যাওয়া সম্ভব নয়। উৎপাদনশীলতা বৃদ্ধি ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারাবাহিকতা ধরে রাখা সম্ভব নয়। অর্থনৈতিক উন্নয়নের চলমান অভিযাত্রাকে এগিয়ে নিতে উৎপাদনশীলতা বিষয়ক ধারণা জোরদার করতে হবে। সবাইকে উৎপাদনশীলতার সুফল সম্পর্কে সচেতন হতে হবে। তাহলেই আমরা গড়তে পারব জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা।

Role of National Productivity in Building Smart Bangladesh

Dr. Md. Muzaffar Ahmed
National Expert, Bangladesh,
Public Sector Performance
Management in APO, 2023

1. Introduction:

বাংলাদেশে নারীরা জনসংখ্যার অর্ধেক হলেও বর্তমানে নারীর শ্রমশক্তিতে অংশগ্রহণের হার ৩৭.৬৯ শতাংশ যেখানে পুরুষদের ৮০.৬০ শতাংশ (২০২২ সালের লেবার ফোর্স সার্ভের রিপোর্ট অনুসারে)। বাংলাদেশের শ্রমবাজারে টিকে থাকার জন্য আনুষ্ঠানিক শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ বাড়ছে কিন্তু বিশাল লিঙ্গ বৈষম্য অব্যাহত রয়েছে। নারীরা গ্রামীণ এলাকায় অবৈতনিক পারিবারিক ব্যবসার পাশাপাশি অবৈতনিক পারিবারিক কর্মী এবং দিনমজুর হিসাবে ব্যাপকভাবে কেন্দ্রীভূত হচ্ছে। মানের দিক থেকে, মহিলারা বেশিরভাগই কম বেতনের, কম-উৎপাদনশীল কর্মকান্ডে জড়িত এবং ২০২০ সালের শ্রম সমীক্ষা অনুসারে নারী শ্রমের প্রায় ৯০ শতাংশ অনানুষ্ঠানিক অর্থনীতিতে নিযুক্ত। সরকারী পরিসংখ্যান অনুসারে, যদিও পুরুষরা যা উপার্জন করে তার প্রায় ৯৪ শতাংশ মহিলারা উপার্জন করেন, তবে এটি সেক্টরভিত্তিক পরিবর্তিত হয়। অনানুষ্ঠানিক খাতে নারীদের সম্পৃক্ততার কারণে গড়পড়তা পুরুষদের তুলনায় নারীদের আয় আংশিকভাবে কম। অনানুষ্ঠানিক খাতে নারীদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি কারণ অনেকেরই আনুষ্ঠানিক শিক্ষা বা প্রশিক্ষণ নেই যা তাদের আনুষ্ঠানিক অর্থনৈতিক সুযোগগুলি গ্রহণ করতে সক্ষম করবে। ফলস্বরূপ নারীরা অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণের সর্বোত্তম সম্ভাবনা প্রকাশ করতে ব্যর্থ হয় এবং সমাজে প্রাপ্য প্রশংসা প্রাপ্তি থেকে বঞ্চিত হয়। এই ধরনের নারীদের শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে সহায়তা করার জন্য বিভিন্ন কর্মসূচিই তাদের দক্ষতার কার্যকর ব্যবহার করতে সক্ষম করে। নিঃসন্দেহে শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী সুবিধাবঞ্চিত নারী যাদের প্রাতিষ্ঠানিক শিক্ষা খুব কম বা নেই তাদেরকে জ্ঞান এবং দক্ষতা

দিতে পারে। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে অনানুষ্ঠানিক খাতের নারীর বৃহৎ অংশকে আনুষ্ঠানিক অর্থনীতির সম্পদে রূপান্তর করতে পারে। শহুরে এবং গ্রামীণ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে একটি সু-সমন্বিত অংশীদারিত্ব কার্যকরভাবে নারীর অনানুষ্ঠানিক কার্যক্রমকে আনুষ্ঠানিক পেশায় রূপান্তরিত করতে পারে। নারীকে ক্ষমতায়িত ব্যক্তিতে রূপান্তরিত করতে হলে অনুপ্রাণিত ব্যক্তি, পরিবারের সহায়তা এবং সমাজের ইতিবাচক সহযোগিতামূলক প্রচেষ্টা প্রয়োজন।

পরিবারের অধিকাংশ কাজই নারীকে করতে হয়। বলা চলে শতভাগই নারীরাই করে থাকেন। সন্তান লালন-পালন থেকে শুরু করে সবার দেখভাল পর্যন্ত নারীকে করতে হয়। কিন্তু দিনশেষে নারীর কাজের কোনোই মূল্যায়ন নেই। গৃহস্থালির কাজে নারী কোনোদিন অর্থমূল্য পায় না। এমনকি নারীরা তা আশাও করেন না। কিন্তু যা আশা করেন তা হচ্ছে মানসিক সাপোর্ট। কাজের স্বীকৃতি। তবু এ সমাজে অধিকাংশ পুরুষই নারীর কর্মকে কাজের মধ্যেই ধরেন না। এমনকি নানা অনুযোগ-অভিযোগে কান ভারী করে তোলে। পুরুষতান্ত্রিক সমাজে আজও নারীর কাজের কোনোই মূল্যায়ন নেই। নারীকে তার যোগ্য সম্মান ও মূল্যায়ন কোনটাই করা হয় না। বরং নারীর ওপর অভিযোগ ছুড়ে দেওয়া হয় ঘরে বসে সারাদিন করেটা কী! নানাবিধ প্রতিবন্ধকতা কাটিয়ে একজন নারী তার পরিবারের জন্য সবটা বিসর্জন দেন। আমাদের সমাজে এমন অনেক মায়ের দেখা মিলবে যারা শুধু সন্তানের জন্য নিজের চাকরি ছেড়ে ঘরে বাচ্চা ও পরিবারকে সময় দেন। কিন্তু সেই নারীরাও তার মূল্যায়ন পান না। পরিবারের কেউই তার সেক্রিফাইজের জায়গাটা বোঝেন না। বোঝার কিঞ্চিৎ চেষ্টাও করেন না অধিকাংশ সময়। পারিবারিক, সামাজিক ও অর্থনৈতিক মূল্যায়ন না থাকায় নারী প্রচুর কাজ করেও অবহেলিত অন্যদিকে আমাদের মোট জাতীয় আয়েও এর কোনো প্রতিফলন নেই। এমনকি নারীদেরও বড় একটা অংশ মনে করেন যে, এটা তাঁদের স্বাভাবিক কাজ তাই এটা তো তাঁদের করতেই হবে এটার আবার মূল্যায়ন কী? তাঁরা অনেকেই তাঁদের এই সময় এবং পরিশ্রমসাপেক্ষ কাজের মূল্যায়ন নিয়ে সচেতন না।

জাতীয় আয়তে নারীর সেবামূলক কাজের মূল্য অন্তর্ভুক্ত না হলেও নারীর উৎপাদিত একটি পণ্য বাজারে বিক্রি হলে সে অর্থ পারিবারিক আয়ে অন্তর্ভুক্ত হয়। কিন্তু সেই পণ্য যদি বাড়তিতে রান্না করে খাওয়া হয় অথবা পরিবারে কেউ ব্যবহার করেন তাহলে সেটা জাতীয় আয়ে অন্তর্ভুক্ত হয় না। 'টাইম ইউজ' পদ্ধতি ব্যবহার করলে নারীর অবদান জাতীয় আয়ে অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ তৈরি হবে। জাতীয় অর্থনীতিতে নারীর গৃহস্থালি ও সেবামূলক কাজের এই স্বীকৃতি মিললে নারীর প্রতি সমাজ ও পরিবারে সম্মান বাড়ার পাশাপাশি বঞ্চনা কমবে। নারীদের গৃহস্থালি ও সেবামূলক কাজের স্বীকৃতি জন্য পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রের সরকারি ও বেসরকারি পর্যায়ে উদ্যোগ গ্রহণ করা হলে নারী-পুরুষের মধ্যে সমতা আসবে।

Push for Productivity, Go for Quality

উৎপাদনশীলতা বৃদ্ধিতে লীন (Lean) ম্যানেজমেন্টের ভূমিকা

সৈয়দ জায়েদ-উল ইসলাম
গবেষণা কর্মকর্তা
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়

লীন (Lean) : লীন (Lean) শব্দের অর্থ হলো লিকলিকে বা চিকণ। ম্যানুফ্যাকচারিং সিস্টেমে লীন শব্দের ব্যবহার এসেছে মূলত এর শব্দ গত অর্থ থেকেই। "লীন ম্যানুফ্যাকচারিং সিস্টেম হচ্ছে এমন একটি উৎপাদন প্রক্রিয়া যার মাধ্যমে উৎপাদন না কমিয়ে সৃষ্টি সমুহ রোধ করা যায়"। অপচয় বলতে বুঝায় এমন কোন বস্তু/ সেবা পদ্ধতি যা উৎপাদনের জন্য জরুরি/উৎপাদনের সময় তৈরি হয় কিন্তু ক্রেতা সেই জিনিসের জন্য কোন মূল্য দেয় না। লীনের ভাষায় অপচয় মূলত তিন ধরনের হয়। (১) "মুদা-Waste-অপচয়", (২) "মুড়ি-Over Burden-অতিরিক্ত কাজ", (৩) "মুড়া-Unevenness- অসামঞ্জস্যপূর্ণ প্রক্রিয়া/কাজ"

লীন ম্যানেজমেন্ট সিস্টেম এর ইতিহাস: ১৮৯৪ সালে সাকিচি টয়োডা নিজস্ব প্রচলিত তাঁতের অধিক কার্যকর তাঁত উদ্ভাবন করেন। তিনি ১৯১৮ সালে স্পিনিং ও উইভিং কোম্পানি চালু করেন। পরবর্তীতে তাকে জাপানের 'বিনিয়োগের রাজা (Japan's king of Investor) উপাধিতে ভূষিত করা হয়। সাকিচি টয়োডা ১৯২৬ সালে ভুল সংশোধক স্বয়ংক্রিয় মেশিনের মাধ্যমে তাঁতের কাজ শুরু করেছিলেন এবং তাঁত বুননে অপচয় কমাতে সক্ষম হন। ১৯২৯ সালে সাকিচির ভুল সংশোধক তাঁতের (সুতা ছিঁড়ে গেলে মেশিন অটোমেটিক বন্ধ হয়ে যায়) পেটেন্ট তার ছেলে কিচিরো টয়োডার মাধ্যমে ইংল্যান্ডে বিক্রি করেন। তিনি ১৯৩৩ সালে টয়োডা ব্যবসার উন্নতির জন্য অটোমোবাইল ডিপার্টমেন্ট প্রতিষ্ঠা করেন এবং মোটরগাড়ির পরীক্ষামূলক উৎপাদন শুরু করেন। ১৯৩৭ সালে কোম্পানির নাম পরিবর্তন করে টয়োডা মোটর কোম্পানি করেন। ১৯৫০ সালের শুরু থেকে বিশেষায়িত পণ্যের (customizes) চাহিদা বেড়ে যাওয়ায় উৎপাদন কমে যেতে থাকে ফলে পণ্যের দাম বেড়ে যায়। কিন্তু টয়োডা ভাবল খরচ যদি কমানো যায় তাহলে কম মূল্য পণ্য বিক্রি করে সমান লাভ করা যাবে। তাই তিনি তাঁর সমস্ত চিন্তা-ভাবনা খরচ অর্থাৎ অপচয় কমানোর দিকে কেন্দ্রীভূত করেছিলেন। ফলে ইউরোপ, আমেরিকার অনেক কোম্পানি টয়োডার কাছে ধাক্কা খাচ্ছিল এবং মার্কেট শেয়ার হারাতে শুরু করেছিল। এই সময় মার্কেটে টিকে থাকার জন্য পুরাতন ব্যাচ পদ্ধতি বাদ দিয়ে জাস্ট ইন টাইম (JIT) মানুফ্যাকচারিং জনপ্রিয়তা লাভ করে। ১৯৯০ জেমস ওমেকের "The Machine That Change The World" বা "যে যন্ত্র পৃথিবীকে পরিবর্তিত করে দিয়েছে" বইয়ে প্রথম লীন মানুফ্যাকচারিং শব্দটি ব্যবহার করেন। তাইচি ওহনো (Taiichi Ohno) টয়োটার উৎপাদন পদ্ধতিতে যে সমস্ত Tool & Technique প্রয়োগ করেছিল তা টয়োটা উৎপাদন পদ্ধতি (Toyota Production System) নামে পরিচিত। পরবর্তীতে তা লীন ম্যানুফ্যাকচারিং নামে পরিচিতি লাভ করে। তাইচি ওহনো (Taiichi Ohno)- কেই Lean Manufacturing-এর জনক বলা হয়।

লীনের উদ্দেশ্যঃ লীনের অসংখ্য উদ্দেশ্য নেট ঘাটাঘাটি করলে পাওয়া যাবে তবে মনে রাখতে হবে লীন নির্দিষ্ট কোন টুলস/ টেকনিক্স নয়। লীন হচ্ছে " a set of tools/ techniques " যা উপরে বর্নিত পাচঁটি মুলনীতি কে satisfy করে এবং যার প্রধান উদ্দেশ্য হচ্ছে উপরে বর্নিত অপচয় সহ জানা-অজানা সকল প্রকার অপচয় রোধ করে এবং এর মাধ্যমে খরচ কমায়।

লীনের প্রধান উদ্দেশ্য হল:

- শ্রম সহ খরচ হ্রাস;
- পণ্য তৈরিতে সময় কমানো;
- উৎপাদন এবং স্টোরেজ এলাকা হ্রাস;
- গ্রাহকের কাছে পণ্য সরবরাহের গ্যারান্টি;
- একটি নির্দিষ্ট মূল্যে সর্বোচ্চ মানের বা একটি নির্দিষ্ট মানের সর্বনিম্ন খরচে।

প্রচলিত ব্যবসাঃ

লীন ম্যানুফ্যাকচারিং ঃ



লীনের প্রারম্ভিক বিন্দু হল গ্রাহক মূল্য। ক্রেতার সন্তুষ্টি অর্জন করাই হচ্ছে লীনের প্রধান লক্ষ্যে। লীনের প্রাণকেন্দ্রে রয়েছে waste দূর প্রক্রিয়া, যাকে জাপানি ভাষায় মুডা অপসারণ বলে। মুডা অর্থ অপচয়, অর্থাৎ যে কোন কার্যকলাপ যা সম্পদ গ্রাস করে কিন্তু মূল্য তৈরি করে না। উদাহরণস্বরূপ, ভোক্তার সমাপ্ত পণ্য বা তার যন্ত্রাংশ মোটেই গুদামে থাকার প্রয়োজন নেই। লীন মানুফ্যাকচারিং এ কোন পণ্য বা সেবার মূল্যে /value ক্রেতার দৃষ্টিভঙ্গিতে নির্ধারিত হয়। কত কঠোর পরিশ্রম করে বা কোন প্রযুক্তি ব্যবহার করে তা তৈরি হল তা ক্রেতার বিবেচনার বিষয় নয়। ক্রেতার বিবেচনার বিষয় হচ্ছে ঐ পণ্য বা সেবা তার চাহিদা কতটুকু পূরণ করছে।প্রসেস এ কোয়ালিটি ডিফেক্ট সারানোর জন্য বা ফ্যাক্টরির অতিরিক্ত মাথাপিছু খরচের জন্য ক্রেতাকে কোন মূল্য পরিশোধ করে না। তাদের চাহিদা পূরণের ভিত্তিতে, তারা পণ্যের মূল্য পরিশোধ করে।

একটি এন্টারপ্রাইজের সমস্ত ক্রিয়াকলাপকে দুই ভাগে শ্রেণিবদ্ধ করা হয় যেমন (১) যে ক্রিয়াকলাপ এবং প্রক্রিয়াগুলি ভোক্তার জন্য মূল্য যোগ করে এবং (২) যে অপারেশন ও প্রক্রিয়াগুলি ভোক্তার জন্য কোন মূল্য যোগ করে না। অতএব, এমন কিছু যা ভোক্তার কাছে দুর্বল দৃষ্টকোণ থেকে মূল্য যোগ করে না তাই Waste হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় এবং অবশ্যই Waste নির্মূল করতে হবে।

লীন এ waste হচ্ছে সেই সব কাজ যা কোন মূল্য যোগ করে না, কিন্তু খরচ বাড়ায়। টয়োটা প্রোডাকশন সিস্টেমে নিম্নে উল্লেখিত ০৮ ধরনের অপচয়ের কথা বলা হয়েছে তা যে কোন প্রতিষ্ঠানের জন্য মারাত্মক অপচয়।

১. অতিরিক্ত উৎপাদন (Over Production):
২. অতিরিক্ত মজুদ (Inventor):
৩. ত্রুটি (Rework/Defects):
৪. অপ্রয়োজনীয় পরিবহন (Transportation) :
৫. অযথা প্রক্রিয়াকরণ (Over processing) :
৬. অপেক্ষা করা (Waiting) :
৭. গতি (Motion)
৮. কর্মচারীদের অব্যবহৃত সৃজনশীলতা (Unused employee Creativity/Talent) :

লীন সিস্টেমের ইতিহাস টয়োটা দিয়ে শুরু হয়েছিল। টয়োটার অন্যতম প্রতিষ্ঠাতা সাকিচি টয়োদা বিশ্বাস করতেন যে, উৎপাদন উন্নতির কোন সীমা নেই এবং বাজারে কোম্পানির অবস্থা এবং প্রতিযোগিতামূলকতা যাই হোক না কেন, ক্রমাগত এগিয়ে যাওয়া এবং সমস্ত উৎপাদন প্রক্রিয়া উন্নত করা প্রয়োজন। টয়োটা'র এই দর্শনের ফলাফল হল "ক্রমাগত উন্নতি" বা কাইজেন কৌশল। সাকিচির ছেলে কিচিরো টয়োদা বুঝতে পেরেছিলেন যে আমেরিকান অটো জায়ান্টদের (যেমন ফোর্ড) সাথে সফলভাবে প্রতিযোগিতা করার জন্য তাকে অস্বাভাবিক কিছু করতে হবে। শুরুতে, তিনি তার কারখানায় "ঠিক সময়ে" (টোগো এবং ওয়ার্টম্যান) ধারণাটি চালু করেছিলেন, যার অর্থ গাড়ির যে কোনও অংশ প্রয়োজনের চেয়ে তাড়াতাড়ি তৈরি করতে হবে। এ পদ্ধতিতে জাপানিরা আরও সময় এবং সম্পদ বাঁচিয়েছিল। "কাইজেন" এবং "টোগো এবং ওয়ার্টম্যান" পদ্ধতিগুলি টয়োডা পরিবারের উৎপাদন দর্শনের মেরুদন্ড হয়ে ওঠে। পরবর্তীতে টয়োডা, উৎপাদন পদ্ধতি উন্নত করার জন্য "কানবান" কার্ড - "ইনভেন্টরি ট্র্যাকিং" চালু করে। টয়োটা বিশ বছর

ধরে তার শিল্প মানের দর্শন অনুসরণ করেছে, যার মধ্যে রয়েছে তার সরবরাহকারীরাও। টয়োটার সবচেয়ে জনপ্রিয় লীন উৎপাদন সরঞ্জাম এবং কৌশলগুলো হল:

১. মান প্রবাহ ম্যাপিং (VSM)
২. টানা লাইন উৎপাদন (Pull line production.)
৩. কানবান (KANBAN)
৪. কাইজেন (ক্রমাগত উন্নতি)।
৫. 5S
৬. GEMBA
৭. 4M
৮. 7Waste
৯. JIT সিস্টেম (জাস্ট-ইন-টাইম-ঠিক সময়ে)।
১০. টিপিএম সিস্টেম।
১১. ভিজ্যুয়ালাইজেশন।
১২. U- আকৃতির কোষ।

আমাদের লীন যাত্রা চতুর্থ শিল্প বিপ্লবের জন্য আমাদেরকে একটি অনন্য এবং অসাধারণ উপায়ে প্রস্তুত করেছে। চতুর্থ শিল্প বিপ্লবের মাধ্যমে আমরা যে সরঞ্জাম এবং নিত্য নতুন প্রযুক্তি পেয়েছি তা লীন নীতির সাথে পুরোপুরি একীভূত হবে কারণ সেগুলি মূলত একই। ফলে একদিকে যেমন অপচয় কমার পাশাপাশি উৎপাদন খরচ কমে যাবে এবং অন্য দিকে উৎপাদন বহুগুণ বেড়ে যাবে। সর্বোপরি উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে। এই উৎপাদনশীলতা বৃদ্ধিই বিনির্মাণ করবে আগামীর স্মার্ট বাংলাদেশ।

উৎপাদনশীলতায় গড়ি দেশ, সমৃদ্ধিতে বাংলাদেশ

Cultivating Productivity and SMART Goals for Sustainable Development in Bangladesh

Abdullah Al Zobair
Research Officer
National Productivity Organisation (NPO)

This article delves into the multifaceted relationship between productivity enhancement and the strategic deployment of SMART (Specific, Measurable, Achievable, Relevant, and Time-bound) goals as a catalyst for fostering sustainable economic growth and societal development in Bangladesh. The nation's burgeoning economy, coupled with its evolving socioeconomic landscape, necessitates a scholarly examination of these dynamics to outline the path to a more prosperous and inclusive future.

Bangladesh's progress as a burgeoning economy is both noteworthy and promising. However, to harness its full potential, the nation must embrace productivity as a central tenet of its development paradigm. This entails a comprehensive and strategic approach rooted in the principles of SMART goals.

1. Economic Growth and Competitiveness
Productivity stands as a fundamental driver of economic growth and competitiveness. Specific SMART goals for key industries, when backed by precise metrics, attainable targets, and relevance to national objectives, serve as cornerstones for enhancing Bangladesh's competitive edge on the global stage.

2. Poverty Alleviation and Inclusive Growth
A SMART approach to poverty alleviation integrates specific, measurable, and time-bound goals, ensuring the equitable distribution of economic benefits among marginalized populations. It also recognizes the role of achievable micro-enterprise support and skills development in achieving inclusive growth.

3. Education and Human Capital Development
Human capital development is paramount in sustaining economic growth. SMART objectives in education, encompassing specific skill enhancement, measurable learning outcomes, and time-bound targets, underpin the nation's pursuit of an adaptable, knowledge-driven workforce.

4. Infrastructure Development
Efficient infrastructure development, when guided by SMART principles, enhances the nation's connectivity, lowers operational costs, and attracts foreign investments. Aligning these goals with national priorities ensures their relevance and attainability.

5. Sustainable Agriculture and Food Security
Sustainable agriculture objectives must adhere to SMART criteria to optimize productivity, diversify crops, and ensure food security. This strategic approach mitigates the risks of food scarcity, aligning with national development agendas.

6. Climate Resilience and Environmental Sustainability
In Bangladesh, climate resilience assumes critical significance. SMART strategies for adaptation and mitigation, grounded in specific objectives and measurable targets, are pivotal for protecting vulnerable communities and safeguarding natural resources.

7. Innovation and Technology Advancement
Innovation-driven productivity gains necessitate SMART policies that prioritize research and development, technology adoption, and entrepreneurial endeavors. This approach fosters economic diversification and resilience.

8. Healthcare and Public Welfare
Quality healthcare, supported by SMART goals for accessibility and disease management, is pivotal for societal well-being. A measurable and time-bound framework ensures that healthcare services align with national development objectives.

9. International Collaboration and Trade
Strategic international trade partnerships, guided by SMART criteria, facilitate market access, technology transfer, and foreign direct investment. Such collaborations amplify economic growth and global competitiveness.

10. Disaster Preparedness and Crisis Management
SMART disaster preparedness plans, founded on specific, measurable, achievable, relevant, and time-bound goals, are instrumental in minimizing human suffering and economic losses during crises. They are indispensable for a swift recovery.

In conclusion, Bangladesh's evolution into a sustainable and thriving economy is contingent upon the systematic integration of productivity enhancement and SMART goal formulation across sectors. Such an academic and strategic approach is essential to unlock Bangladesh's vast potential and ensure its trajectory toward sustainable economic development and societal well being. The nation's commitment to these principles offers a blueprint for academic exploration and strategic implementation in the contemporary landscape of global development.

Be Productive,
Think Productive

Productivity for Sustainable Development at Industry Level in Bangladesh

Hasan Ul Banna
Statistical Investigator, NPO

Productivity plays a crucial role in driving sustainable development, especially at the industry level. In Bangladesh, a developing country with a growing economy, enhancing productivity in industries is unavoidable for achieving sustainable development goals. In this aspect, National Productivity Organisation (NPO), the only organisation in Bangladesh which is working for productivity improvement countrywide, making it familiar and practicable to everyone, and playing the vital role in accelerating productivity at industry level. This article explores the importance of productivity for sustainable development in Bangladesh's industries and highlights key strategies to foster productivity growth.

1. Understanding Productivity:

Productivity refers to the efficiency and effectiveness with which resources are utilized to produce goods and services at maximum level. It measures the output generated per unit of input, such as labor, capital, and technology. Improving productivity is essential for economic growth, job creation, and overall development.

2. Importance of Productivity for Sustainable Development:

Enhancing productivity in industries has several benefits for sustainable development in Bangladesh:

a. Economic Growth: Increased productivity leads to higher output, which contributes to economic growth. This, in turn, creates more employment opportunities and improves living standards.

b. Competitiveness: Improved productivity enhances the competitiveness of industries both domestically and internationally. It enables businesses to produce high-quality goods at competitive prices, attracting investment and fostering export growth.

c. Resource Efficiency: Productivity improvements often go hand in hand with resource efficiency. By optimizing resource utilization, industries can minimize waste, reduce environmental impact, and promote sustainable practices.

d. Innovation and Technology Adoption: Productivity growth often requires businesses to embrace innovation and adopt advanced technologies. This leads to the development and diffusion of new knowledge and skills, driving sustainable technological progress.

3. **Strategies for Enhancing Productivity in Industries:**

To promote productivity for sustainable development in Bangladesh's industries, the following strategies can be employed:

a. Investment in Human Capital: Enhancing the skills and knowledge of the workforce through training and education programs can significantly boost productivity. This involves providing accessible and quality education, vocational training, and lifelong learning opportunities.

b. Infrastructure Development: Improving physical infrastructure, such as road networks, power supply, and logistics, can reduce transportation costs, enhance connectivity, and facilitate smooth operations for industries.

c. Access to Finance: Ensuring adequate access to finance, particularly for small and medium-sized enterprises (SMEs), can support investment in modern technologies, machinery, and equipment, thereby increasing productivity levels.

d. Research and Development (R&D): Encouraging R&D activities and fostering innovation ecosystems can lead to the development of new products, processes, and technologies, giving industries a competitive edge.

e. Regulatory Reforms: Implementing business-friendly regulations, simplifying administrative procedures, and reducing bureaucratic hurdles can improve the ease of doing business, encouraging investment and productivity growth.

In a nutshell it can be said, Productivity is a key driver of sustainable development at the industry level in Bangladesh. By focusing on enhancing productivity through investment in human capital, infrastructure development, access to finance, R&D, and regulatory reforms, Bangladesh can create a conducive environment for industries to thrive. This, in turn, will contribute to economic growth, job creation, resource efficiency, and overall sustainable development in the country. We all have to keep in mind that, sustainable development requires a holistic approach, and productivity improvement is an integral part of the journey towards a prosperous and environmentally conscious future.

Be Productive, Think Productive

উৎপাদনশীলতা উন্নয়নে এনপিও'র প্রশিক্ষণ কার্যক্রম

প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে সরকারি/বেসরকারি শিল্প/সেবা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে নিয়মিতভাবে "উৎপাদনশীলতা উন্নয়ন কলাকৌশল, কারখানা পর্যায়ে উৎপাদনশীলতা উন্নয়ন, প্রোডাকটিভিটি টুলস এন্ড টেকনিকের দক্ষ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা উন্নয়ন, অপচয় রোধের মাধ্যমে উৎপাদনশীলতা ও পণ্যের গুণগতমান উন্নয়ন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা সম্প্রসারণ, কোয়ালিটি ব্যবস্থাপনা, কারখানা পর্যায়ে প্রতিযোগিতামূলক উৎপাদনশীলতা ও সবুজ উৎপাদনশীলতা" শীর্ষক শিরোনামে বিভিন প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। দেশের বিভিন্ন শিল্প/সেবা প্রতিষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরের ৫০টি প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করার মাধ্যমে ১৭৪৯ জন প্রশিক্ষণার্থীদেরকে উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন কলাকৌশলের প্রশিক্ষণ প্রদান করা হয়।

সেক্টর	রসায়ন ও ট্যানারী	হোটেল ও রেস্টুরেন্ট	প্রকৌশল	শিক্ষা ও স্বাস্থ্য	ক্ষুদ্র ও কুটির	চিনি ও খাদ্য	বস্ত্র ও আইটি	কৃষি	পাট	পরিবহন, যোগাযোগ ও পর্যটন
প্রশিক্ষণের সংখ্যা	১১	১	৯	৪	৫	৩	৪	৬	৫	২
প্রশিক্ষণার্থীর সংখ্যা	৪৫৮	৩০	২৭২	১৬০	১৩৫	৯১	১৬০	২৪৫	১২৬	৭২

সেক্টরভিত্তিক প্রশিক্ষণ



সেক্টরভিত্তিক প্রশিক্ষণের সংখ্যা ২০২২-২৩ অর্থ বছর

২০১৫-১৬ হতে ২০২২-২৩ অর্থ বছরে সম্পাদিত প্রশিক্ষণ কর্মসূচির বিবরণ:

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় নিরলসভাবে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সরকারের উন্নয়নের মহাসড়কে সামিল হয়ে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ও শিল্পায়নের এই যুগে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প কারখানা/ সেবা প্রতিষ্ঠানে দক্ষ জনবল তৈরীর পাশাপাশি মুনাফা বৃদ্ধিসহ লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরের জন্য বর্তমান সরকারের গৃহিত জনকল্যাণমূখী বিভিন্ন কর্মসূচি দক্ষতার সাথে বাস্তবায়ন করছে। ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) বিগত ০৮ বছরে শ্রমিক ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ৪৩৫ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে মোট ১৪৫৪৮ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে।

কর্মকান্ড	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২২-২৩
প্রশিক্ষণ কোর্সের সংখ্যা	৩৭	৫৩	৫৭	৬১	৪৯	৫৮	৭০	৫০
প্রশিক্ষণার্থীর সংখ্যা	১৫৭৭ জন	১৭৬২ জন	১৮৪১ জন	১৮২৫ জন	১৬৯৪জন	১৯৮৭ জন	২১১৩ জন	১৭৪৯জন



২০১৫-১৬ হতে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত



২০১৫-১৬ হতে ২০২২-২৩ অর্থ বছর পর্যন্ত

এনপিও এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ শীর্ষক প্রকল্প

ভূমিকা: আমরা সকলেই অবগত আছি, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি দপ্তর। দপ্তরটি উৎপাদনশীলতা বৃদ্ধর জন্য গবেষণা, প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা পরিচালনা; কনসালটেন্সি সেবা প্রদান; দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন; শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠানকে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ও ইনস্টিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রদান; এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর বিভিন্ন কর্মসূচি বাংলাদেশে পরিচালনা ও বাস্তবায়নে ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন; বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাষ্টার প্লান ২০২১-২০৩০ বাস্তবায়নে সমন্বয়কের ভূমিকা পালন করছে।

দেশের আর্থ সামাজিক উন্নয়নকে টেকসই করার জন্য অন্যতম পথ হলো অর্থনীতির প্রতিটি খাতের কর্মকান্ডে উৎপাদনশীলতা বৃদ্ধি করা। বর্তমান বিশ্বে সকল প্রগতিশীল রাষ্ট্র ব্যবস্থায় উৎপাদনশীলতা উন্নয়ন কার্যক্রমকে জাতীয় আন্দোলন হিসেবে স্বীকৃতি দেয়া হচ্ছে এবং রাষ্ট্রীয় নীতির সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনশীলতার কার্যক্রমকে ধারাবাহিক ও পদ্ধতিগতভাবে পরিচালনা করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো সৃষ্টি করা হচ্ছে।

প্রকল্পের পটভূমি:

যে কোন দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে অধিক উৎপাদনশীলতা। প্রাকৃতিক সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। উৎপাদনশীলতা বিষয়ের গুরুত্ব বিবেচনা করে শিল্প মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখে জাতীয় উৎপাদনশীলতা কার্য-নির্বাহী কমিটির দ্বাদশতম সভায় এনপিওকে দক্ষ পেশাদারি প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কারিগরি প্রকল্প গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সরকারের রাজস্ব বাজেটের পাশাপাশি পিপিপির আলোকে বিভিন্ন দাতা সংস্থার নিকট এনপিও'র পেশাজীবি কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিসহ দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয়ক জ্ঞান সম্প্রসারণের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প গ্রহণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়। এরই ধারাবাহিকতায় ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল সম্পর্কে অবহিতকরণের জন্য একটি প্রকল্প গ্রহন করা হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১০০১.৯৬ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারী, ২০২০ খ্রি: হতে ডিসেম্বর, ২০২২ খ্রি: নির্ধারণ করা হয়েছে।

বিগত কয়েক বছরে উল্লেখযোগ্য সংখ্যক সিনিয়র কর্মকর্তা অবসর গ্রহণ করায় এ দপ্তরের দক্ষ জনবলের অভাব পরিলক্ষিত হয়। দক্ষ জনবল ও জনবলের স্বল্পতার কারণে স্টেকহোল্ডারদের চাহিদা মোতাবেক সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। তাই আলোচ্য প্রকল্পে জনবলের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ট্রেনিং অব ট্রেইনার্স (টিওটি) প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা হয়েছে। টিওটি হতে আহরিত জ্ঞান দেশের শিল্প, কৃষি ও সেবা সেক্টরের মালিক, কর্মকর্তা ও শ্রমিকগণের মাঝে ছড়িয়ে দিতে পারলে তারা তাদের প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা বৃদ্ধতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে, যা ভিশন-২০২১ ও এসডিজি বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। উৎপাদনশীলতা উন্নয়ন বিষয়ক আধুনিক কলাকৌশল বিষয়ে বিশেষ করে কাইজেন, লীন ম্যানেজমেন্ট সিস্টেম এবং মেটেরিয়েল ফ্লো কস্ট একাউন্টিং প্রভৃতি বিষয়ে দপ্তরের কর্মকর্তাগণের প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয়তা রয়েছে ।

প্রকল্পের মূল উদ্দেশ্য:

ক) এনপিও'র জনবলকে শিল্প ও সেবা খাতের আধুনিক উৎপাদনশীলতা উন্নয়নের ব্যবস্থাপনা কৌশল বিষয়ে (কাইজেন, লীন ম্যানেজমেন্ট সিস্টেম এবং মেটেরিয়েল ফ্লো কস্ট একাউন্টিং) প্রশিক্ষিত করা;
খ) দেশব্যাপী সেমিনার, কর্মশালা এবং প্রশিক্ষণের মাধ্যমে উৎপাদনশীলতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল বিষয়ে ক্ষুদ্র ও মাঝারি শিল্প/সেবা সেক্টরকে অবহিত ও প্রশিক্ষিত করা।

প্রকল্পের লক্ষমাত্রা:

(ক) এনপিওতে নিয়োজিত ৩০ জন কর্মকর্তা/কর্মচারীগণকে আধুনিক উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল বিষয়ে (কাইজেন, লীন ম্যানেজমেন্ট সিস্টেম এবং মেটেরিয়েল ফ্লো-কস্ট-একাউন্টিং) প্রশিক্ষিত করা;

(খ) দেশের ৬৪টি জেলার ৬৪০০ (ছয় হাজার চারশত) ক্ষুদ্র ও মাঝারি শিল্প/ সেবা সেক্টরের উদ্যোক্তা, মালিক ও কর্মচারীদের উৎপাদনশীলতা, পণ্য/ সেবার গুণগত মান, উৎপাদনশীলতার গুরুত্ব এবং ক্রেতার সন্তুষ্টির বিষয়ে ধারণা প্রদান করা ;

(গ) দেশের ৩২টি জেলার ক্ষুদ্র ও মাঝারি শিল্প/সেব সেক্টরের ৯৬০ জন উদ্যোক্তা, ম্যানেজার/কর্মকর্তাকে উৎপাদনশীলতা, পণ্য/ সেবার মান উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা; এবং

(ঘ) ২৪টি জেলায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প খাতে ৭২টি প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ২১৬০ জন উদ্যোক্তা, ব্যবস্থাপক ও কারখানা সুপারভাইজরদের উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল বাস্তবায়ন বিষয়ে ধারণা প্রদান ও প্রশিক্ষিত করা।

প্রকল্প বাস্তবায়নে প্রত্যাশা:

(ক) এনপিও'র জনবলের সক্ষমতা বৃদ্ধি পাবে;

(খ) প্রকল্পের আওতাভূক্ত ক্ষুদ্র মাঝারি শিল্পের মালিক, ব্যাবস্থাপক ও কর্মচারিদের উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে;

(গ) প্রকল্পের আওতাভূক্ত ক্ষদ্র ও মাঝারি শিল্পের প্রতিষ্ঠানসমূহের উৎপাদনশীলতা এবং পণ্য/সেবার গুনমান বৃদ্ধি পাবে;

(ঘ) প্রকল্পের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের মালিক ও কর্মচারিদের উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে মাথাপিছু আয় বৃদ্ধি পাবে যা সরকারের ভিশন-২০২১ ও এসডিজি লক্ষ্যমাত্রা-২০৩০ অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

বিদেশী ০৩ জন বিশেষজ্ঞ/প্রশিক্ষক দ্বারা কাইজেন, লীন ম্যানুফ্যাকচারিং সিস্টেম এবং মেটেরিয়াল ফ্লো কস্ট একাউন্টিং (এমএফসিএ) এই ০৩টি বিষয়ের জন্য পৃথকভাবে এনপিও'র জনবলকে ১৫ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে, এতে ০১ দিন করে ফ্যাক্টরী ভিজিট হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ মডিউল তৈরি করা হবে। এটি বাস্তবায়িত হলে দপ্তরের কর্মকর্তাগণের কর্মদক্ষতা ও নৈপূণ্যতা বৃদ্ধি পাবে। প্রকল্পের পরিচালিত কর্মকান্ডকে ভিত্তি করে ৪টি ডকুমেন্টারী ফিল্ম তৈরি করা হবে যা প্রকল্প সমাপ্তির পরেও এনপিও এর প্রচারের জন্য ব্যবহার করা যাবে ।

বিদেশী প্রশিক্ষক কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ হতে অর্জিত জ্ঞান পরবর্তিতে পর্যায়ক্রমে এনপিও'র নির্ধারিত সেক্টরসমূহে (পাট, সেবা, কৃষি, চিনি ও খাদ্য, ক্ষুদ্র ও কুটির শিল্প, ফিনান্সিয়াল ইন্টারমিডিয়েশন, প্রকৌশল ও আইটি, ফিস প্রসেসিং, পরিবহন ও যোগাযোগ এবং পর্যটন, ট্যানারী ও লেদার) অবহিতকরণ করা হবে ।

প্রকল্প ব্যবস্থাপনা:

এনপিও এর একজন উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন । এছাড়াও ০১ জন গবেষণা কর্মকর্তা, ০১ জন সহকারী প্রোগ্রামার, ০১ জন পরিসংখ্যান তথ্যানুসন্ধানকারী, ০১ জন হিসাব রক্ষক এবং ০১ জন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রকল্পের কাজে প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় সহায়তা প্রদান করছেন। প্রকল্পটি যথাসময়ে ও সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা ও তত্বাবধায়নের জন্য প্রকল্প স্টিয়ারিং কমিটি (PSC) এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) এর নিয়মিত সভা চলমান রয়েছে।

প্রকল্পের আর্থিক ও বাস্তব লক্ষমাত্রা এবং অগ্রগতি:

ক্র. নং	অর্থ বছর	এডিপিতে বরাদ্দ	অগ্রগতি	বিবরণ	লক্ষমাত্রা		অর্জন	
					সংখ্যা	অংশগ্রহনকারী	সংখ্যা	অংশগ্রহনকারী
১.	২০২০-২০২১	৯৫.০০	৫২.৮০	সেমিনার	০৬টি	৬০০ জন	০৬টি	৬০০ জন
				কর্মশালা	-	-	-	-
				প্রশিক্ষণ	-	-	-	-
২.	২০২১-২০২২	২৯৯.০০	২৮১.৯০	সেমিনার	২৪টি	২৪০০ জন	২২	২২০০ জন
				প্রশিক্ষণ	১৫	৪৫০ জন	২১	৬৩০ জন
৩.	২০২২-২০২৩	৩৯৫.০০	লক্ষ টাকা এ পর্যন্ত অগ্রগতি	সেমিনার	২৫	২৫০০ জন	২৫	২৫০০ জন
				কর্মশালা	০৭	২১০ জন	০৫	১৫০ জন
				প্রশিক্ষণ	২৪	২৭০জন	১৫	৪৫০ জন
প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ডিসেম্বর ২০২২ পর্যন্ত: ৪৭৭.৪৩ লক্ষ টাকা (টিএপিপির বরাদ্দের ৪৭.৬৫%)								

উপসংহার:

বাংলাদেশ ক্রমেই উন্নয়নের পথ ধরে এগিয়ে চলেছে। গত ১৬ মার্চ, ২০১৮ জাতিসংঘ বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান করেছে। এখন আমাদের লক্ষ্য উন্নত সমৃদ্ধ দেশের কাতারে পৌঁছানো। সরকার ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। এছাড়া জাতিসংঘের Sustainable Development Goal (SDG) বাস্তবায়নের জন্য ২০৩০ সাল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উন্নয়নের এ ধারা অব্যাহত রাখতে, দেশকে সমৃদ্ধির দিকে এগিয়ে নিতে, উৎপাদনশীলতা বৃদ্ধির কোন বিকল্প নেই। বিধায় উৎপাদনশীলতা বৃদ্ধির কলা কৌশলের ব্যাপক চর্চা একান্ত প্রয়োজন। তা না হলে সামঞ্জস্যপূর্ণ টেকসই উন্নয়ন সম্ভব নয়। সাধারণ জনগণের ব্যাপক অংশগ্রহণও নিশ্চিত করা প্রয়োজন।উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হলে মাঠ পর্যায়ে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনমূলক প্রচারাভিযান পরিচালনা, প্রশিক্ষণ, সেমিনার, আলোচনা সভা, উদ্ভাবনী কর্মসূচির গবেষণা কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রত্যেকে যার যার কাজে মনোযোগ ও দক্ষতা বাড়িয়ে, অপচয় কমিয়ে আমরা অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখতে পারি। উৎপাদনশীলতা উন্নয়নই হতে পারে বাংলাদেশের উন্নত রাষ্ট্রে পরিণত হওয়ার অন্যতম চাবিকাঠি।

জাতির পিতার স্বপ্নের দেশ,
উৎপাদনশীলতা উন্নয়নে বাংলাদেশ

বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান ২০২১-২০৩০ এর চ্যালেঞ্জ ও করণীয়ঃ

ভূমিকা :

গত ১৬ মার্চ, ২০১৮ জাতিসংঘ বাংলাদেশকে উন্নয়নশীল দেশ হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান করে। জাতিসংঘের Sustainable Development Goal (SDG) বাস্তবায়নের জন্য ২০৩০ সাল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। এছাড়াও সরকার ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হওয়ার লক্ষ্য নির্ধারণ করে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখা/টেকসই অর্থনৈতিক উন্নয়নের পূর্বশর্ত হচ্ছে অধিক উৎপাদনশীলতা ।

বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান কি:

বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান হল মূলতঃ ইনোভেশন, প্রযুক্তির আপগ্রেডেশন, আর্থ সামাজিক অবকাঠামো উন্নয়নের মাধ্যমে শিল্প, সেবা ও কৃষি সেক্টরের বিশেষত এসএমই সেক্টরে বিশেষ উন্নতি সাধন করা। এসডিজি, ভিশন-২০৪১ অর্জনে সহায়ক ভূমিকা পালনের জন্য এনপিও, শিল্প মন্ত্রণালয় ও এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও), জাপান এর যৌথ উদ্যোগে টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা ও পঞ্চবার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান ২০২১-২০৩০ প্রণয়ন করা হয়েছে। এপিও কর্তৃক গত ২২ জুলাই, ২০২৩ সালে প্রণীত মাস্টার প্ল্যান মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় মহোদয়ের নিকট হস্তান্তর করা হয়।

বিস্তারিত:

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দেশের একমাত্র সরকারি প্রতিষ্ঠান যা শিল্প, সেবা ও কৃষি সেক্টরের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, আলোচনা সভা, গবেষণা, কনসালটেন্সি সেবা, সেক্টরভিত্তিক উৎপাদনশীলতার গতি প্রকৃতি বিষয়ে প্রতিবেদন প্রস্তুত ও বিদেশী বিশেষজ্ঞ দ্বারা দেশের শিল্প, সেবা ও কৃষি সেক্টরে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদানসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় এনপিও, শিল্প মন্ত্রণালয় ও এপিও এর সহযোগিতায় বাংলাদেশ ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্লান প্রণয়ন করে, যার মূল প্রতিপাদ্য বিষয় ২০৩০ সালের মধ্যে দেশের উৎপাদনশীলতা প্রবৃদ্ধি হার ৩.৮% থেকে ৫.৬% এ উন্নতিকরণ। এর ৫টি Goal এবং ১১টি Stategic Thrust রয়েছে। Stategic Thrust এর আলোকে স্বল্পমেয়াদী (২০২১-২০২২), মধ্যমেয়াদী (২০২১-২০২৫) এবং দীর্ঘমেয়াদী (২০২১-২০৩০) নির্ধারণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/প্রতিষ্ঠান/ট্রেডবডি ও এসোসিয়েশন কর্তৃক গৃহীত কার্যক্রমের সমন্বয়ে Action Plan প্রস্তুত করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে দেশের সামগ্রিক উৎপাদনশীলতা প্রবৃদ্ধি ৫.৬ এ উন্নীত করা একটি বড় চ্যালেঞ্জ।

চ্যালেঞ্জসমূহঃ

১। সরকারের গৃহীত কার্যক্রমের সাথে মাস্টার প্লান সমন্বয় করা;

২। মাস্টার প্লান বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/প্রতিষ্ঠান/ট্রেডবডি ও এসোসিয়েশন সহ সকল সেক্টরের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ এবং গৃহীত কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং ও মূল্যায়ন করা;

৪। National policy তে মাস্টার প্লান অন্তর্ভুক্ত করা;

৫। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/প্রতিষ্ঠান/ট্রেডবডি ও এসোসিয়েশন সহ সকল সেক্টরের উৎপাদনশীলতা পরিমাপ করা এবং মাস্টার প্লান এর লক্ষ্যমাত্রা অর্জনে এর অবদান নির্ণয় করা;

৬। মাস্টার প্লান বাস্তবায়নে সুনির্দিষ্ট কোনো মনিটরিং ও মূল্যায়ন ফরমেট নাই;

৭। প্রয়োজনীয় বাজেট বরাদ্দ ও যথাসময়ে প্রাপ্তি।

৮। কৃষি, শিল্প সেক্টরের মধ্যে সমন্বয় করে modern technology adop করা;

৯। সকল স্তরে মাস্টার প্লান ও উৎপাদনশীলতা বিষয় অবহিত করানো;

১০। সকল সেক্টরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে মাস্টার প্লান অন্তর্ভুক্ত করে কর্মপরিকল্পনা গ্রহণ;

করণীয়ঃ

১। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক মাস্টার প্লান বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ;
২। দেশব্যাপী উৎপাদনশীলতা ও মাস্টার প্লান সম্পর্কে ব্যাপক প্রচার করা;
৩। এনপিও'র সক্ষমতা বৃদ্ধি (বিভাগীয় অফিস স্থাপনসহ জনবলের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা);
৪। মাস্টার প্লান বাস্তবায়নে সরকারি নীতিমালা প্রস্তুত;
৫। মাস্টার প্লান বাস্তবায়নে গৃহীত কার্যক্রম সুষ্ঠু ও যথাসময়ে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহন করা;
৬। প্রতিটি ট্রেনিংইন্সটিটিউট এ প্রশিক্ষণ কর্মসূচিতে উৎপাদনশীলতা ও মাস্টার প্লান বিষয়টি অন্তর্ভুক্ত করা;
৭। মাস্টার প্লান বাস্তবায়নে প্রতিটি সেক্টরে উৎপাদনশীলতা/ মাস্টার প্লান বিষয়ক একটি সেল তৈরি করা;
৮। মন্ত্রী পর্যায়ে সেমিনার/আলোচনা সভার আয়োজন করা;
৯। মাস্টার প্লান বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের সাথে এনপিও কোঅর্ডিনেটর/ফ্যাসিলেটেটর এর দায়িত্ব পালন করবে
১০। জাতীয় পাঠ্য পুস্তকে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্ত করা।

উৎপাদনশীলতা উন্নয়নের অঙ্গীকার, দেশ ও জাতির অহংকার

০২ অক্টোবর

জাতীয় উৎপাদনশীলতা দিবস
National Productivity Day

০২ অক্টোবর, ২০১১ তারিখে হোটেল রুপসী বাংলা, ঢাকা 'Multilateral Conference on Productivity Movement in Bangladesh: Strategy for ২০২১' শীর্ষক বহুমুখী জাতীয় সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপস্থিত থেকে ০৩ (তিন)টি ঘোষণা প্রদান করেন:

০১। উৎপাদনশীলতাকে জাতীয় আন্দোলন হিসেবে গড়ে তোলা।

০২। প্রতিবছর ০২ অক্টোবর "জাতীয় উৎপাদনশীলতা দিবস" হিসেবে পালন করা এবং

০৩। প্রতিবছর শ্রেষ্ঠ শিল্প প্রতিষ্ঠান ও উদ্যোক্তাদের মাঝে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড প্রদান করা।

এরই ধারাবাহিকতায় ২০১২ সাল থেকে এনপিও দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস নানা আয়োজনের মধ্য দিয়ে পালন করে আসছে। অন্যান্য বছরের ন্যায় গত ০২ অক্টোবর ২০২২ তারিখেও দেশব্যাপী জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করা হয়। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বাড়াতে এই দিবসটি উদযাপন করা হয়।

এ বছর দিবসের মূল প্রতিপাদ্য বিষয় ছিল চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় উৎপাদনশীলতা (Productivity to Meet the Challenges of the 4th Industrial Revolution)। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পৃথক পৃথক বাণী দিয়েছেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দিবসটি কেন্দ্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত কর্মসূচি পালন করে। কর্মসূচির অংশ হিসেবে ঐ দিন সকাল ৮টায় শিল্প মন্ত্রণালয়ের সামনে থেকে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এর নেতৃত্বে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন সেক্টর-কর্পোরেশন ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা, এনপিও, এপিও সোসাইটি ফর বাংলাদেশ, নাসিব, বিভিন্ন ট্রেডবডি ও উদ্যোক্তা সংগঠনের প্রতিনিধি, শিল্প-কারখানার মালিক, শ্রমিক ও কর্মচারীরা র‍্যালিতে অংশগ্রহন করেন।



জাতীয় উৎপাদনশীলতা দিবসের শোভাযাত্রার শুভ উদ্বোধন ঘোষণা করেন শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব জাকিয়া সুলতানা র‍্যালি শেষে শিল্প মন্ত্রণালয়ের সামনে এক পথসভার আয়োজন করা হয়। এতে বক্তৃতাকালে এনপিও মহাপরিচালক জনাব মুহম্মদ মেসবাহুল আলম বলেন, উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে জনগণের জীবনমান কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উৎপাদনশীলতাকে 'জাতীয় আন্দোলন' হিসেবে ঘোষণা করেছেন। শিল্প, কৃষি, সেবাসহ সকলখাতে উৎপাদনশীলতা বাড়িয়ে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের বাংলাদেশ গড়ে তোলাই এ আন্দোলনের লক্ষ্য। এ লক্ষ অর্জনে সরকারি-বেসরকারি পর্যায়ে পরিকল্পিতভাবে উৎপাদনশীলতা বৃদ্ধির উদ্যোগ নিয়ে পণ্য ও সেবার গুণগতমানে উৎকর্ষতা আনতে হবে। এজন্য তিনি বিভিন্নখাতে কর্মরত শ্রমিক, মালিক, কর্মচারী, ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট সবাইকে উৎপাদনশীলতা বিষয়ক আন্দোলনে সামিল হওয়ার আহবান জানান।

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে উপস্থিত মাননীয় প্রধান অতিথি, বিশেষ অতিথি, মূল প্রবন্ধ উপস্থাপক এবং সভাপতি মহোদয়

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২২ উপলক্ষ্যে স্যুভেনির এর মোড়ক উন্মোচন করছেন অনুষ্ঠানের প্রধান অতিথি ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়।

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উপলক্ষে স্যুভেনির এর মোড়ক উন্মোচন করছেন শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এবং এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম ।

জাতীয় উৎপাদনশীলতা দিবস ২০২১ উপলক্ষে শিল্প সচিব জনাব জাকিয়া সুলতানা এর সাথে এনপিও'র মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মুহম্মদ মেসবাহুল আলম, এনপিও'র পরিচালক (অতিঃ দাঃ), যুগ্ম সচিব (প্রশাসন), শিল্প মন্ত্রণালয় জনাব মোঃ ফয়জুর রহমান ফারুকী এবং এনপিও'র কর্মকর্তাবৃন্দ।

অন্যান্য বছরের ন্যায় গত ০২ অক্টোবর, ২০১৮ তারিখে সারা দেশব্যাপী নানা আয়োজনের মধ্য দিয়ে জাতীয় উৎপাদনশীলতা দিবস-২০১৮ পালন করা হয়। জাতীয় পর্যায়ে সচেতনতা সৃষ্টির মাধ্যমে দেশের শিল্প, কৃষি ও সেবাসহ বিভিন্নখাতে উৎপাদনশীলতা বাড়াতে এই দিবসটি উদযাপন করা হয়। এ বছর দিবসের মূল প্রতিপাদ্য বিষয় ছিল 'সুখী ও সমৃদ্ধ দেশ বিনির্মাণে উৎপাদনশীলতা' (Productivity for Developing Happy & Prosperous Country)। দিবসটি উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী পৃথক পৃক বাণী দিয়েছেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠান ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) দিবসটি কেন্দ্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে বিস্তারিত কর্মসূচি পালন করে।

কর্মসূচীর অংশ হিসেবে ঐদিন সকাল ৮টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তন সংলগ্ন সড়ক থেকে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। শিল্প সচিব জনাব মো:আবদুল হালিম এর নেতৃত্বে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন সেক্টর-কর্পোরেশন ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা, এনপিও, এপিও সোসাইটি ফর বাংলাদেশ, নাসিব, ট্রেডবডি ও উদ্যোক্তা সংগঠনের প্রতিনিধি, শিল্প-কারখানার মালিক, শ্রমিক ও কর্মচারিরা র‍্যালিতে অংশগ্রহন করেন।

জাতীয় উৎপাদনশীলতা দিবসের শোভাযাত্রার শুভ উদ্বোধন ঘোষণা করেন শিল্প মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আবদুল হালিম মহোদয়

এ বছরও নানা আয়োজনের মধ্য দিয়ে ০২ অক্টোবর ২০২৩ জাতীয় উৎপাদনশীলতা দিবস পালন করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ

বছর দিবসের মূল প্রতিপাদ্য স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা (Productivity for Smart Bangladesh)। এবারের প্রতিপাদ্য সময় উপযোগী হয়েছে বলে মনে হয়, তার কারণ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ ডিসেম্বর ২০২২ রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (BICC) ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অতিথির ভাষণে সর্ব প্রথম 'স্মার্ট বাংলাদেশ' গড়ার প্রত্যয় ব্যক্ত করেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আমরা আগামী ২০৪১ সালে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলবো এবং বাংলাদেশ হবে ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ। তখন থেকেই দেশের সর্বস্তরের মানুষের কাছে 'স্মার্ট বাংলাদেশ' একটি প্রত্যয়, একটি স্বপ্নে পরিণত হয়। সে হিসেবে বলা যেতেই পারে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে উৎপাদনশীলতা (Productivity for Smart Bangladesh) সময় উপযোগী প্রতিপাদ্য বিষয়।

চতুর্থ শিল্প বিপ্লব বা তার পরবর্তী সময়কে দৃঢ়ভাবে মোকাবেলা করতে ডিজিটাল সংযুক্তির জন্য যতটুকু প্রস্তুতির প্রয়োজন, সরকার তার অধিকাংশই সুসম্পন্ন করেছে। আধুনিক প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে শিল্পের বিকাশ, প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ বাহিনী সৃষ্টি ও পরিবেশ সংরক্ষণকে গুরুত্ব দিয়ে সরকার ধীরে ধীরে চতুর্থ শিল্প বিপ্লবের দিকে অগ্রসর হচ্ছে। ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ২০২১ সফল বাস্তবতার ধারাবাহিকতায় সরকার এখন ২০৪১ সালের মধ্যে যুগের সাথে তাল মিলিয়ে উন্নত বিশ্বের মতো স্মার্ট দেশে পরিনত করতে উদ্দ্যোগ গ্রহণ করেছে। এক কথায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নকে বাস্তব রুপ দিতে চাইছেন তাঁরই সুযোগ্য কন্যা প্রধান-মন্ত্রী শেখ হাসিনা। যা দেশ ও জাতির জন্য অনেক গুরুত্বপূর্ণ। এনপিও কর্তৃক স্মার্ট বাংলাদেশ বির্নিমাণে উৎপাদনশীলতা শীর্ষক প্রতিপাদ্যের উপর আয়োজিত এ অনুষ্ঠান খুবই সময় উপযোগী হয়েছে; যা স্মার্ট বাংলাদেশ স্লোগানকে সর্বোস্তরে ছড়িয়ে দিতে অগ্রণী ভূমিকা পালন করবে।

Productivity: A Philosophy

What is productivity?

According to the dictionary, the definition of productivity is the "feature of that which is productive", that is, "which is useful or profitable". If you want to find out whether your business is productive or not, read on:

Philosophy of life

Understanding what productivity is and learning how to increase it can help you improve your organization. What is productivity? Productivity is a philosophy of life, a state of mind. Being efficient means doing, at every moment, what we consciously choose to do and not what we feel we are doing forced by circumstances. Productivity means adopting an attitude for continued improvement.

Value and time

It is often that we find the definition of productivity associated with topics such as "value" and "time". The definition has changed over time. The concept, however, has always been tied to that relationship between production and the utilization of those resources at our disposal.

Of course, other elements have an influence on the productivity and efficiency of our business. Factors such as the workload, invested capital, technology used, available resources, number of employees and their training, staff motivation, etc., all of them play an important role when considering productivity.

Time management is, nevertheless, the determining factor when we talk about optimization and productivity. Time is necessary for everything, so it is only logical that investing in proper time management will ultimately benefit our productivity, both personally and professionally speaking.

Quantity vs Quality

We must not make the mistake of thinking that productivity is just "doing more in less time." The importance given to the number of completed tasks, completed projects, etc, is part of a misconception about efficiency, which often causes discomfort in the employee, who feels pressured by this.

Let's consider, for example, the productivity of a blogger. Who is more productive, the one who manages to improve the traffic to their blog and, consequently, generates a greater impact among their readers; or the one who only focuses on publishing as many posts as possible?

This latter blogger, concerned only with "doing more in less time," will only get to publish a large number of words and messages that few people will actually read. However, the first blogger, focused on the "value" of their work, is actually more efficient because they have previously analyzed their influence, have looked for a way to optimize resources and have written with the goal of contributing to something. Even though they will write in smaller quantities, they will achieve a greater impact on the Net with their publications. They will have optimized their resources.

Productivity and Leadership

The true responsibility of productivity is upon the shoulders of the company's leaders, who should follow effective methods for getting the most out of time management for the entire organization. It is in their hands to provide their teams with guidelines and practical tips that will improve efficiency.

If the staff receives clear guidance on what their objectives are and has the tools to avoid wasting time, we can consider that an efficient society, able to organize the day-to-day in apractical and simple manner. Workers will find the balance between professional and personal productivity, because they will be able to detect those elements that cause them to be unproductive.

In this regard, the leaders of organizations do their best so that their teams will know what their goals are, their everyday "guiding tasks". Knowing how to prioritize in order to be efficient; that is the key to productivity.

Short term and long term productivity

Developing a diagnosis that will allow us to examine and identify obstacles hindering our productivity is vital to efficiently implement actions oriented towards improvement. This is the only way we will be able to establish a system to prioritize tasks and set goals towards which we want to direct our company.

